


ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dlrs.gov.bd

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২৪



ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
**ভূমি মন্ত্রণালয়**

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২০২৪

**ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর**
**ভূমি ভবন**
তেজগাঁও, ঢাকা-১২০৮

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৩-২০২৪

## নির্দেশনায়

জনাব আনিস মাহমুদ
মহাপরিচালক (গ্রেড-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা

## উপদেষ্টা পরিষদ

১. **জনাব আনিস মাহমুদ,** মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : প্রধান উপদেষ্টা
২. **জনাব মোহাম্মদ আবদুল কাদের শেখ,** পরিচালক (জরিপ) ও পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : উপদেষ্টা
৩. **জনাব মোঃ মোমিনুর রশীদ,** পরিচালক (ভূমি রেকর্ড), ভূম রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : উপদেষ্টা
৪. **জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার,** উপপরিচালক (অর্থ ও বাজেট), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : উপদেষ্টা

## সম্পাদনা কমিটি

১. **জনাব মোহাম্মদ আবদুল কাদের শেখ,** পরিচালক (জরিপ) ও পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সভাপতি
২. **জনাব মোঃ মোমিনুর রশীদ,** পরিচালক (ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৩. **জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান,** উপপরিচালক (প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৪. **জনাব রূপালী মন্ডল,** উপপরিচালক (সেঃ অপাঃ-২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৫. **জনাব ইয়াছমিন আক্তার,** প্রেস অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৬. **জনাব মাফরোজা আক্তার,** চার্জ অফিসার (সীমানা-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৭. **জনাব সুশান্ত কুমার রায়,** সহকারী সেটেলমেন্ট অফিসার, ঢাকা, সংযুক্তিতে পরিকল্পনা উন্নয়ন শাখা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৮. **জনাব মোঃ মোক্তার হোসেন সরকার,** সহকারী সেটেলমেন্ট অফিসার, ঢাকা, সংযুক্তিতে ইডিএলএমএস প্রকল্প, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
৯. **জনাব মোঃ নুরুল আমিন শিকদার,** উপসহকারী সেটেলমেন্ট অফিসার, ঢাকা, সংযুক্তিতে ইডিএলএমএস প্রকল্প, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
১০. **জনাব মোঃ পারভেজ মিয়া,** সহকারী জরিপ অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য
১১. **জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার,** উপপরিচালক (অর্থ ও বাজেট), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা : সদস্য সচিব

## সহযোগিতায়

জনাব মীর আবদুল বারী


## প্রকাশকাল


অক্টোবর ২০২৪ খ্রি.

## গ্রাফিক্স ও মুদ্রণ

**A1 Publications & Press,** Dhaka-1100.
a1pub.press@gmail.com

## প্রকাশনায়

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



উপদেষ্টা
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

২০২৩-২০১৪ অর্থ বছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সম্পাদিত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে জেনে আমি আনন্দিত।

বঙ্গীয় প্রজাস্বত্ব আইনের অধীনে বাংলার আপামর জনসাধারণকে ভূমির মালিকানা স্বত্ব দেয়ার লক্ষ্যে ভূমি জরিপের মাধ্যমে ভূমির নির্ভুল নকশা ও স্বত্বলিপি প্রস্তুত, দেশের অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ এবং আন্তর্জাতিক সীমানা রক্ষণাবেক্ষণের মত গুরুত্বপূর্ণ কার্যক্রম দক্ষভাবে সম্পাদনের উদ্দেশ্যে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়।

জরিপ কার্যক্রমের ক্রমান্বয় আধুনিকায়নের মাধ্যমে বর্তমানে সকল ম্যাপের অনলাইন ডাটাবেজ করা হয়েছে এবং সকল আর এস জরিপ খতিয়ানের ডাটাবেজ সংরক্ষণ করা হচ্ছে। খতিয়ান, ম্যাপ ও কেস ব্যবস্থাপনা সম্বলিত অনলাইন ভূমি জরিপ সফটওয়ার চালু করা হয়েছে এবং সেটেলমেন্ট ও ম্যানেজমেন্ট বিভাগের সফটওয়ারের মধ্যে ইন্টিগ্রেশন করা হয়েছে; যা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অন্যতম সফলতা। জনসেবা দেয়ার জন্য অটোমেশনের যে প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে তাতে জনগণ ঘরে বসেই অনলাইনে খতিয়ান দেখতে পাচ্ছে এবং ঘরে বসেই ম্যাপ সংগ্রহ করতে পারছে।

জরিপ সংক্রান্ত সনাতন কার্যক্রমকে যুগোপযোগী করতে ভূমি মন্ত্রণালয় 'বাংলাদেশ ডিজিটাল সার্ভে (বিডিএস)' কার্যক্রম এর উদ্যোগ গ্রহণ করেছে। পর্যায়ক্রমে সারাদেশে বিডিএস কার্যক্রম পরিচালিত হবে। বিডিএস এর মাধ্যমে স্বল্প সময়ে ক্যাডাস্ট্রাল সার্ভে তথা ভূ-সম্পদ জরিপ শেষ করা হবে। বিডিএস সিস্টেমে জমির ডিজিটাল মৌজা ম্যাপে হালনাগাদের ব্যবস্থা থাকায় মাঠে গিয়ে জরিপের প্রয়োজনীয়তা কমে আসবে। আমি আশা করছি বিডিএস কার্যক্রমের সুফল আগামী শতবছর বাংলাদেশিরা গ্রহণ করতে পারবেন। ভূমি জরিপ কার্যক্রমে পূর্ণাঙ্গ অটোমেশন বাস্তবায়ন এখন সময়ের দাবী। এর ফলে জনগণ ঘরে বসে ভূমি সেবা পাবে এ আমার প্রত্যাশা।

ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর উল্লিখিত কার্যক্রমের নেতৃত্ব দিচ্ছে। আমি আশা করছি উল্লিখিত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের গুরুদায়িত্ব পালনে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ আন্তরিকতার সাথে কার্যকর ভূমিকা রাখবেন।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ সরকারি নীতিনির্ধারক, গবেষক, অংশীজন, ভূমি রেকর্ড ও জরিপের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিসহ সকলের জন্য সহায়ক হবে বলে প্রত্যাশা করি। যাদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলে এ প্রতিবেদন প্রণয়ন সম্ভব হয়েছে তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

এ. এফ. হাসান আরিফ



সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর স্বচ্ছ ও জনবান্ধব টেকসই ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার জন্য ভূমি মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ১৮৮৫ সালের বঙ্গীয় প্রজাস্বত্ব আইনের পরিপ্রেক্ষিতে খতিয়ান প্রণয়নের জন্য ভূমি রেকর্ড ও কৃষি নামে যে দপ্তর প্রতিষ্ঠিত হয়, কালের পরিক্রমায় তা নানা স্তর পার হয়ে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হিসেবে প্রতিষ্ঠিত হয়।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কাজের ধারাবাহিকতায় বর্তমানে সকল ম্যাপের অনলাইন ডাটাবেজ করা হয়েছে এবং সকল আর এস জরিপ খতিয়ানের ডাটাবেজ সংরক্ষণ করা হচ্ছে জেনে আমি আনন্দিত। খতিয়ান, ম্যাপ ও কেস ব্যবস্থাপনা সম্বলিত অনলাইন ভূমি জরিপ সফটওয়্যার চালু করা হয়েছে এবং সেটেলমেন্ট ও ম্যানেজমেন্ট বিভাগের সফটওয়্যারের মধ্যে ইন্টিগ্রেশন করা হয়েছে, যা এই অধিদপ্তরের অন্যতম সফলতা বলে আমি মনে করি।

আমি আরও জেনে আনন্দিত যে, ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় প্রথম বারের মতো সর্বাধুনিক চতুর্থ প্রজন্মের সার্ভে ড্রোনের মাধ্যমে বাংলাদেশ ডিজিটাল সার্ভে এর কার্যক্রম শুরু হয়েছে। স্যাটেলাইট ইমেজ, সার্ভে ড্রোন ও ইলেকট্রনিক টোটাল স্টেশন (ETS) এর মাধ্যমে সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে অপেক্ষাকৃত স্বল্প সময়ে নির্ভুলভাবে ডিজিটাল পদ্ধতিতে মৌজা ম্যাপের ডাটাবেজ প্রস্তুত করা হবে। পাশাপাশি বাংলাদেশ ডিজিটাল সার্ভে বিষয়ে আপত্তি এবং আপীল মামলার আবেদন গ্রহণ, শুনানি, নিষ্পত্তি ও রায়ের নকল প্রদান সংক্রান্ত কার্যক্রম অনলাইনে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ডিজিটাল যন্ত্রপাতি ও সফটওয়্যার ব্যবহার করে নির্ধারিত জিওডেটিক কন্ট্রোল নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে ETS এর সহায়তায় প্রতিটি দাগের প্রতিটি বাঁকের স্থানাংক নির্ণয়ের দ্বারা মৌজাভিত্তিক ভূমির নক্সা ও প্লট ভিত্তিক মালিকানা রেকর্ড প্রণয়ন করা হচ্ছে। বর্তমানে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক GNSS, ETS এবং Drone মেশিনের সাহায্যে ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ২০২৩-২০২৪ অর্থবছরের সার্বিক কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন এ অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত কার্যক্রম এবং অগ্রগতি সম্পর্কে ভূমি মালিক, গবেষক, উন্নয়ন সহযোগী, অংশীজন তথা দেশবাসীকে সামগ্রিক ধারণা প্রদানে সক্ষম হবে বলে আমি মনে করি।

টেকসই ও উন্নত প্রযুক্তি ব্যবহার করে পূর্ণাঙ্গ অটোমেশন করার মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর স্বল্প সময়ে সেবা প্রত্যাশীদের কাছে ভূমি জরিপ বিষয়ক সকল সেবা পৌঁছে দিবে মর্মে আমার প্রত্যাশা।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এ এস এম সালেহ আহমেদ



মহাপরিচালক (গ্রেড-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি মন্ত্রণালয়

# বাণী

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের বিভিন্ন কার্যাবলী, চলমান জরিপ কার্যক্রমের সর্বশেষ অবস্থা, অর্জনসমূহ, মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ), অর্থ বছরের কর্মপরিকল্পনা, বাজেট বরাদ্দ, অধিদপ্তর ও জোনসমূহের যাবতীয় তথ্যসহ কর্মচারীদের তথ্য সন্নিবেশিত করে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ডিসেম্বর ২০২৩ মাসে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২৩ ও জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২৩ নামক ২টি নতুন নিয়োগ বিধিমালা জারী করা হয়েছে। এর মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রায় ১৪ বছর ধরে নিয়োগ কার্যক্রম বিষয়ক জটিলতার অবসান হয়েছে এবং জনবল সংকট দূরীকরণার্থে জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন পদে প্রায় ৬০০ কর্মচারী নিয়োগের সকল কার্যক্রম সম্পন্ন  করা সম্ভব হয়েছে এবং বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া আধুনিক পদ্ধতিতে মুদ্রণ কাজ পরিচালনার জন্য সেটেলমেন্ট প্রেসে কম্পিউটার ভিত্তিক নতুন পদ সৃজনের প্রস্তাব এবং দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের নতুন নিয়োগ বিধিমালার প্রস্তাব প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সেটেলমেন্ট প্রেসে ৩.১০ লক্ষ খতিয়ান এন্ট্রি করা হয়েছে এবং ২.২০ লক্ষ খতিয়ান মুদ্রণ করা হয়েছে। ২০১৭ সাল হতে মার্চ ২০২৪ পর্যন্ত ১,৫৫,২৯,৭০৬টি খতিয়ান এবং ৬৫,১৪০টি ম্যাপ সফট বিডি লিমিটেড-কে ওয়েব সাইটে আপলোড করার জন্য সরবরাহ করা হয়েছে, যা সেটেলমেন্ট প্রেসের সার্ভারে সংরক্ষিত আছে। সকল ম্যাপ অনলাইনে পাওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।


ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন ১৯টি জোনাল সেটেলমেন্ট এবং ০১টি দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের অধীন পরিচালিত রিভিশনাল সেটেলমেন্ট এর আওতায় জরিপ কর্মসূচিভূক্ত মৌজার সংখ্যা ৫৮১০০ টি। ইতোমধ্যে ৫৪২৬৮ টি মৌজার জরিপের মাধ্যমে সকল স্তরের কাজ শেষে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে জরিপের মাধ্যমে ৭২৩টি মৌজার সকল স্তরের কাজ শেষে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করা হয়েছে। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আলোকে ১০ (দশ) জন ইন্টার্ন নিয়োগ করা হয়েছে। তাদের ০১/০৪/২০২৪ খ্রি. হতে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত ৩ (তিন) মাস মেয়াদে ইন্টার্ন সম্পন্ন শেষে সনদ বিতরণ করা হয়েছে।

২০২৩-২৪ অর্থ বছরে দেশের অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তি হিসেবে ২টি আন্তঃজেলা সীমানা বিরোধ নিষ্পত্তি করা হয়েছে। আন্তর্জাতিক সীমানা রক্ষণাবেক্ষণ হিসেবে ২০২৩-২৪ অর্থ বছরে ১২টি যৌথ সীমান্ত পরিদর্শন এবং বিভিন্ন ধরণের ১৩৮৭টি আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ ও মেরামতের কাজ সম্পন্ন করা হয়েছে।

২০২৩-২৪ অর্থ বছরে অনলাইন সার্ভে সফটওয়্যারের সাথে ডিজিটাল ম্যাপ ও কেস ব্যবস্থাপনা সংযুক্ত করা হয়েছে। এর ফলে জনগণ অনলাইনে তার প্লট দেখতে পাবেন এবং রায়ের নকল নিতে পারবেন।

২০২৩-২০২৪ অর্থ বছরে ১১৯ জন বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) ক্যাডারভুক্ত (প্রশাসন ও পুলিশ) এবং বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (বিজেএস) কর্মকর্তাদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও এ সময়ে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে মোট ৬৩৪ জন প্রশিক্ষণার্থীকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর জনবান্ধব ভূমি ব্যবস্থপনা গড়ার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জরিপ সংক্রান্ত গৃহিত নীতি ও সিদ্ধান্ত বাস্তবায়নে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আরও কার্যকর ভূমিকা রাখবে এ আমার প্রত্যাশা। পরিশেষে বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাই।

আনিস মাহমুদ



পরিচালক (জরিপ)
ও
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি মন্ত্রণালয়

# সম্পাদকীয়

সর্বাধুনিক প্রযুক্তিসম্পন্ন ডিজিটাল যন্ত্রপাতি ও সফটওয়্যার ব্যবহার করে ত্রুটিমুক্ত, জনবান্ধব, টেকসই এবং জনকল্যাণমুখী ভূমি জরিপ ও রেকর্ড ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। ডিজিটাল ভূমি নক্সা ও রেকর্ড ডাটাবেইজ তৈরি করা, প্রাতিষ্ঠানিক সংস্কারসহ মানব সম্পদ উন্নয়নমূলক ব্যবস্থাদি প্রবর্তন করা এবং অটোমেশন প্রোগ্রামের মাধ্যমে জনগণকে ঘরে বসেই অনলাইনে খতিয়ান এবং ম্যাপ সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম ও অর্জনসমূহের আলোকে তথ্য প্রকাশের অংশ হিসেবে অন্যান্য বছরের ন্যায় এ বছরও বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের তিনটি উইং, সেটেলমেন্ট প্রেস এবং এ অধিদপ্তরের আওতাধীন ১৯টি জোনাল সেটেলমেন্ট এবং ০১টি দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের সম্পাদিত কার্যক্রম একীভূত করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের এ প্রকাশনা হতে অংশীজন, গবেষক এবং সংশ্লিষ্টগণ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর সম্পর্কে সম্যক ধারণা পাবেন।

মাননীয় উপদেষ্টা, ভূমি মন্ত্রণালয়, সম্মানিত সচিব, ভূমি মন্ত্রণালয় এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় বার্ষিক প্রতিবেদনের তাৎপর্য তুলে ধরে মূল্যবান বাণী প্রদান করায় আন্তরিক অভিনন্দন জানাই। প্রতিবেদনটি প্রস্তুত ও প্রকাশে প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং মূল্যবান পরামর্শ প্রদানের জন্য এ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রতিবেদনটি তথ্যবহুল ও ত্রুটিমুক্ত করতে প্রতিবেদন প্রস্তুত কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের আন্তরিক প্রয়াসের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। প্রতিবেদনের খসড়া তৈরি, বিভিন্ন উৎস হতে ছবি সংগ্রহ, প্রুফ দেখার কাজে আমার সহকর্মীগণ আন্তরিকভাবে সহযোগিতা করেছেন। তাদের প্রতিও রইলো অভিনন্দন। প্রতিবেদনে তথ্য উপাত্ত সংগ্রহকালীন সতর্কতা অবলম্বন করা হলেও অনিচ্ছাকৃত ত্রুটিবিচ্যুতি থাকতে পারে। প্রতিবেদনে অনিচ্ছাকৃত ত্রুটিবিচ্যুতি থাকলে পাঠকদের পক্ষ থেকে গঠনমূলক মতামত বা পরামর্শ সাদরে গ্রহণ করা হবে, যা পরবর্তী প্রকাশনায় আমাদের অনুপ্রেরণা যোগাবে। পরিশেষে বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইলো অগাধ শুভেচ্ছা।

মোহাম্মদ আবদুল কাদের শেখ

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | **ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ইতিহাস** | ০০ |
| ১.১ | সংক্ষিপ্ত ইতিহাস | ০০ |
| ১.২ | দপ্তরের ভিশন ও মিশন | ০০ |
| ১.৩ | কার্যসম্পাদনের ক্ষেত্র | ০০ |
| ১.৪ | কার্যাবলি: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি) | ০০ |
| ১.৫ | সাংগঠনিক কাঠামো | ০০ |
| ১.৬ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাভুক্ত অফিসমূহের ২০২৩-২৪ অর্থ বছরের অগ্রগতি | ০০ |
| ১.৭ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের অনুমোদিত জনবল | ০০ |
| ১.৮ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অর্জন | ০০ |
| ১.৯ | মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ) | ০০ |
| ১.১০ | বিসিএস ক্যাডার ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ | ০০ |
| ১.১১ | শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা) | ০০ |
| ১.১২ | অডিট আপত্তি সংক্রান্ত তথ্য | ০০ |
| ১.১৩ | বাজেট | ০০ |
| ২ | **২০২৩-২০২৪ মাঠ মৌসুমের বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমানা নির্ধারণ সংক্রান্ত তথ্যাবলী** | ০০ |
| ৩ | **প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ** | ০০ |
| ৪ | **দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের (জুলাই ২০২৩-জুন ২০২৪) জরিপ কার্যক্রম ও অর্জন** | ০০ |
| ৫ | **ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সাফল্যচিত্র** | ০০ |
| ৫.১ | জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম ও অর্জন | ০০ |
| ৫.২ | দিনাজপুর জোনের জরিপের সাফল্যগাঁথা | ০০ |
| ৫.৩ | বরিশাল জোনের জরিপের অগ্রগতি এবং জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story) | ০০ |
| ৫.৫ | জামালপুর জোনের জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story) | ০০ |
| ৫.৬ | টাঙ্গাইল জোনের জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story) | ০০ |
| ৫.৭ | সিলেট জোনের সাফল্যের গল্প | ০০ |
| ৫.৮ | চট্টগ্রামের জরিপের অগ্রগতি এবং জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story) | ০০ |
| ৫.৯ | ফরিদপুর জোনের জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ খ্রি. মাস পর্যন্ত ডিজিটাল জরিপের স্তরভিত্তিক অগ্রগতির বিবরণী | ০০ |
| ৬ | **উপদেষ্টা পরিষদ** | ০০ |
| ৭ | **সম্পাদনা কমিটি** | ০০ |
| ৮ | **ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কার্যক্রমের ফটো এ্যালবাম** | ০০ |

১

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ইতিহাস

## ১.১ সংক্ষিপ্ত ইতিহাস

○ ১৮৭৫ সনে ব্রিটিশ সরকার সার্ভে আইন পাশ করেন। কিন্তু স্বত্ব নির্ধারণে এ আইন যথেষ্ট না হওয়ায় ১৮৮৫ সনে বঙ্গীয় প্রজাস্বত্ব আইন পাশ করা হয়। উক্ত আইনের অধীনে প্রজাস্বত্ব নির্ধারণের লক্ষ্যে ভূমি জরিপ পরিচালনার নিমিত্ত ১৮৮৮ সালে "ভূমি রেকর্ড দপ্তর" নামে একটি স্বতন্ত্র দপ্তর গঠন করা হয়। ১৯০৫ সনে ভূমি রেকর্ড ও জরিপ পরিদপ্তর নামে পৃথক প্রতিষ্ঠান গঠন করে উক্ত প্রতিষ্ঠানকে ভূমি জরিপের দায়িত্ব প্রদান করা হয় এবং সার্ভে অব ইন্ডিয়া-কে শুধুমাত্র টপোগ্রাফিক্যাল জরিপের দায়িত্ব প্রদান করা হয়। দুইটি অফিসই কলকাতায় অবস্থিত ছিল।

○ ১৯৪৭ সালে ভূমি রেকর্ড ও জরিপ পরিদপ্তরের অস্থায়ী অফিস বরিশাল জেলার "ব্রাউন কম্পাউন্ড" এ স্থাপন করা হয়। পরবর্তীতে বরিশাল জেলা হতে ঢাকার ওয়াইজঘাট নবাব এস্টেটের বাড়িতে ও আরো কিছুদিন পর টিপু সুলতান রোডের (ওয়ারী) ভাড়া বাড়িতে এবং ১৯৫৩ সালে বর্তমান স্থানে (তেজগাঁও) এ অফিসটি স্থানান্তর করা হয়।

○ ১৯৭৫ সালে যুগ্মসচিব পদ মর্যাদার একজন মহাপরিচালকের নেতৃত্বে পরিদপ্তরটি অধিদপ্তরে রূপান্তরিত হয়। ১৯৮৪ সনে মহাপরিচালকপদটি অতিরিক্ত সচিব পদে উন্নীত করা হয়। বর্তমানে পদটি গ্রেড-১ পদমর্যাদায় রূপান্তরিত হয়েছে।

## ১.২ দপ্তরের ভিশন ও মিশন

**ভিশন:**

জনবান্ধব ভূমি মালিকানা তথ্য প্রতিষ্ঠা।

**মিশন:**

দক্ষ, প্রযুক্তি নির্ভর ও টেকসই ভূমি জরিপ ব্যবস্থাপনার মাধ্যমে ভূমি মালিকদের সঠিক মালিকানা তথ্য নিশ্চিতকরণ।

## ১.৩ কার্যসম্পাদনের ক্ষেত্র:

১) কার্যকর ভূমি স্বত্ব ব্যবস্থাপনা;

২) ভূমি জরিপ কাজে দক্ষতা বৃদ্ধি;

৩) স্বত্বলিপি সংক্রান্ত নাগরিক সেবা সহজলভ্যকরণ;

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ

## ১.৪ কার্যাবলি: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

১. সমগ্র দেশের মৌজা ম্যাপ (ডিজিটাল পদ্ধিততে) জরিপ ও মৌজার স্বত্বলিপি প্রণয়ন;

২. স্বত্বলিপি (মৌজাম্যাপ ও খতিয়ান) সংরক্ষণ ও সরবরাহকরণ;

৩. আন্তঃজেলা সীমানা বিরোধ নিষ্পত্তি।

৪. আন্তর্জাতিক যৌথ সীমানা সম্মেলন অনুষ্ঠান এবং যৌথভাবে আন্তর্জাতিক সীমানা পরিদর্শন;

৫. আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ, পুনর্নির্মাণ, সংরক্ষণ ও মেরামত;

৬. পর্যায়ক্রমে দেশের সকল মৌজায় জিওডেটিক কন্ট্রোল পয়েন্ট স্থাপন;

৭. ভূমি জরিপের সাথে সংশ্লিষ্ট ও প্রাতিষ্ঠানিক কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;

৮. বিসিএস (প্রশাসন/পুলিশ/বন/রেলওয়ে) ক্যাডারভূক্ত ও বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (বিজেএস) কর্মকর্তাদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান;

## ১.৫ সাংগঠনিক কাঠামো

১৯৭৪ সাল পর্যন্ত উপসচিব পদমর্যাদার একজন পরিচালকের অধীন এ পরিদপ্তরের কার্যক্রম পরিচালিত হয়। ১৯৭৫ সালে যুগ্মসচিব পদমর্যাদার একজন মহাপরিচালকের নেতৃত্বে পরিদপ্তরটি অধিদপ্তরে রূপান্তরিত হয়। তখন থেকে মহাপরিচালকের অধীন উপসচিব পদমর্যাদার ২ জন পরিচালক-(১) পরিচালক (ভূমি রেকর্ড) ও (২) পরিচালক (জরিপ) দায়িত্ব পালন করেন। ১৯৮৪ সালে প্রশাসনিক সংস্কার সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) রিপোর্টের পরিপ্রেক্ষিতে আরও ১টি পরিচালক (প্রশাসন) এর পদ সৃষ্টি হয় এবং মহাপরিচালক পদটি অতিরিক্ত সচিব পদমর্যাদায় উন্নীত করে পরিচালকের ৩টি পদ যুগ্মসচিব পদমর্যাদায় উন্নীত করা হয়। পরবর্তীতে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালকের পদটি গ্রেড-১ পদে উন্নীত করা হয়েছে।

১৯৭৪ সালের পূর্ব পর্যন্ত স্বাধীনতা-উত্তর এদেশে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, দিনাজপুর, কুষ্টিয়া, পাবনা ও দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকার অধীন অস্থায়ী সেট-আপের ভিত্তিতে আর,এস জরিপ পরিচালিত হয়। ১৯৮৪ সালের নিকার এর প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে একজন উপসচিব পদমর্যাদার কর্মকর্তার নিয়ন্ত্রণে কুমিল্লা, নোয়াখালী, খুলনা, ফরিদপুর, বরিশাল, যশোর, সিলেট, রংপুর, বগুড়া ও টাঙ্গাইল এ ১০টি স্থায়ী জোনাল সেটেলমেন্ট অফিস এবং এর অধীন ২০৯টি উপজেলায় স্থায়ী উপজেলা সেটেলমেন্ট অফিস স্থাপন করা হয়।

২০১১ সালে ঢাকা, ময়মনসিংহ ও পাবনা রিভিশনাল সেটেলমেন্ট বিলুপ্ত করে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুষ্টিয়া, ময়মনসিংহ, পাবনা, দিনাজপুর, পটুয়াখালী ও জামালপুর এ আরো ৯টি জোনাল সেটেলমেন্ট অফিস এবং এর অধীন ২০০টি উপজেলায় স্থায়ী উপজেলা সেটেলমেন্ট অফিস স্থাপন করা হয়।

## ১.৬ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাভুক্ত অফিসমূহের ২০২৩-২৪ অর্থ বছরের অগ্রগতি

◆ নিয়োগবিধি প্রণয়ন ও নিয়োগ কার্যক্রম: ডিসেম্বর ২০২৩ সনে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২৩ ও জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২৩ নামক ২টি নতুন নিয়োগ বিধিমালা জারী করা হয়েছে। এর মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রায় ১৪ বছর ধরে নিয়োগ কার্যক্রম বিষয়ক জটিলতার অবসান হয়েছে এবং লোকবল সংকট দূরীকরণার্থে জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন পদে প্রায় ৬০০ কর্মচারী নিয়োগ করা সম্ভব হয়েছে এবং বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া দিয়ারা সেটেলমেন্ট অফিসের নতুন নিয়োগ বিধি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের নিমিত্ত প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

◆ সার্ভে গ্রেড ড্রোন ক্রয়: আধুনিক ভূমি জরিপ কার্যক্রমের জন্য প্রথমবারের মত ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জন্য ১টি অত্যাধুনিক সার্ভে গ্রেড ড্রোন ক্রয় করা হয়েছে। উল্লিখিত ড্রোনের সাথে ম্যাপিং ক্যামেরা, লাইডার ক্যামেরা ক্রয় করা হয়েছে। এর ফলে কম সময়ে অধিক সংখ্যাক মৌজা এরিয়ার ভূমি জরিপ কাজ করা সম্ভব হবে।

◆ অনলাইন ভূমি জরিপ সফটওয়্যার আধুনিকীকরণ: অনলাইন ভূমি জরিপ সফটওয়্যার দিয়ে ইতিমধ্যে খতিয়ান ব্যবস্থাপনা কার্যক্রম খুব সহজে এবং দ্রুততার সাথে সম্পন্ন করা যাচ্ছে। উল্লিখিত সফটয়্যারের সাথে গত অর্থবছরে ম্যাপ ও খতিয়ানের ইনটিগ্রেটিং সফটওয়্যার মডিউল ক্রয়ক্রমে সংযুক্ত করা হয়েছে। এছাড়া অনলাইন ভূমি জরিপ সফটওয়্যাররে সাথে কেস ম্যানেজমেন্ট সফটওয়্যার মডিউলও গত অর্থবছরে সংযুক্ত করা হয়েছে।

◆ আধুনিক পদ্ধতিতে মুদ্রণ কাজ পরিচালনার জন্য সেটেলমেন্ট প্রেসে কম্পিউটারভিত্তিক নতুন পদ সৃজনের প্রস্তাব প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের জন্য প্রস্তুত করা হয়েছে।

◆ ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আলোকে ১০ (দশ) জন ইন্টার্ন নিয়োগ করা হয়েছিল। ০১/০৪/২০২৪ খ্রি. হতে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত ৩ (তিন) মাস মেয়াদে ইন্টার্ন সম্পন্ন শেষে তাদের মাঝে সনদ বিতরণ করা হয়েছে।

◆ Strengthening Operational Capacity Building of the Department of Land Records and Surveys (DLRS) for Digital Survey Project পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণের আলোকে Revised DPP পরিকল্পনা কমিশন কর্তৃক ১০/০৬/২০২৪ খ্রি. তারিখে অনুমোদিত হয়েছে। বর্তমানে প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

### ২০২৩-২৪ অর্থবছরে ভূমি জরিপ বিষয়ক অগ্রগতি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | মোট মৌজা হস্তান্তর | ৭২৩টি |
| ২. | মোট আপত্তি মামলা নিষ্পত্তিকৃত মৌজা | ২৮টি |
| ৩. | মোট আপিল মামলা নিষ্পত্তিকৃত মৌজা | ১৪৮টি |
| ৪. | মোট নিষ্পত্তিকৃত আপত্তি কেস | ৩৭,২৬৯টি |
| ৫. | মোট নিষ্পত্তিকৃত আপীল কেস | ১২,৭৫৭টি |
| ৬. | বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমানা পিলার বসানো | ১৩১০টি |

## ১.৭ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের অনুমোদিত জনবল:

### ক. ১-১০ গ্রেডে পদভিত্তিক কর্মরত জনবলের তথ্য:

| ক্রম | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক (গ্রেড-১) | ১ | ১ |
| ২. | পরিচালক (যুগ্মসচিব) | ৩ | ৩ |
| ৩. | উপপরিচালক (উপসচিব) | ৫ | ৫ |
| ৪. | জোনাল সেটেলমেন্ট অফিসার/সেটেলমেন্ট অফিসার | ২০ | ১৫ |
| ৫. | প্রেস অফিসার (সিনিয়র সহকারী সচিব) | ১ | ১ |
| ৬. | চার্জ অফিসার (সিনিয়র সহকারী সচিব) | ৩৫ | ১৫ |
| ৭. | সহকারী পরিচালক | ২ | ১ |
| ৮. | সহকারী সেটেলমেন্ট অফিসার | ৪২৭ | ৬০ |
| ৯. | কারিগরি উপদেষ্টা/উপসহকারী সেটেলমেন্ট অফিসার/ কানুনগো/প্রশাসনিক কর্মকর্তা | ৬৮৪ | ৩০২ |

### খ. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের জনবলের বিবরণ:

| জনবল সংখ্যা | অধিদপ্তর | সেটেলমেন্ট প্রেস | দিয়ারা ও আঞ্চলিক সেটেলমেন্ট অফিসসমূহ | জোনাল অফিসসমূহ | উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহ | মোট |
|---|---|---|---|---|---|---|
| মঞ্জুরীকৃত | ৩৪০ | ৪৬৮ | ১০৬ | ৩৫৭ | ৬৩৭১ | ৭৬৪২ |
| কর্মরত | ১৯২ | ১৯৬ | ৪৪ | ১৩০ | ১৫৩৩ | ২০৯৫ |
| শূন্য | ১৪৮ | ২৭২ | ৬২ | ২২৭ | ৪৮৩৮ | ৫৫৪৭ |

### গ. গ্রেডভিত্তিক জনবল

| জনবল সংখ্যা | ১-৯ গ্রেড ক্যাডারপদ | ১-৯ গ্রেড নন-ক্যাডার পদ | ১০ গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|---|
| মঞ্জুরীকৃত | ৬৫ | ৪২৭ | ৬৮৪ | ৪৪৮২ | ১৯৮৪ | ৭৬৪২ |
| কর্মরত | ৩৭ | ৬০ | ৩০২ | ১০১৯ | ৬৭৭ | ২০৯৫ |
| শূন্য | ২৮ | ৩৬৫ | ৩৮৪ | ৩৪৬৩ | ১৩০৭ | ৫৫৪৭ |

### ঘ. নতুন নিয়োগ

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২৩ এবং জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২৩ চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে। উক্ত নিয়োগ বিধিমালার আলোকে নতুন নিয়োগ: ২০২৩-২৪ খ্রি. অর্থবছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক শূন্য পদে নিম্নবর্ণিত পদসমূহে জনবল নতুনভাবে নিয়োগ প্রদান করা হয়।

**টেবিল-১**

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | নতুন নিয়োগের সংখ্যা |
|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ |
| ২. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০৩ |
| ৩. | ড্রাফটসম্যান | ০২ |
| ৪. | সহকারী রেকর্ড কিপার | ০১ |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ |
| ৬. | স্টোর কিপার | ০১ |
| ৭. | সাব-সার্ভেয়ার | ০৯ |
| ৮. | প্রিন্টার | ০৩ |
| ৯. | হিসাব সহকারী | ০১ |
| ১০. | জিংক কারেক্টর | ০১ |
| | মোট | ২৩ জন |

**টেবিল-২**

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | নতুন নিয়োগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | সার্ভেয়ার | ১৮৭ | সার্ভেয়ার-১৮৭ জন, ট্রাভার্স সার্ভেয়ার-০৬ জন, কম্পিউটর-০৫ জন এবং ড্রাফটসম্যান-২৯৫ জন, মোট ৪৯৩ জন চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণের পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান |
| ২. | ট্রাভার্স সার্ভেয়ার | ০৬ | |
| ৩. | কম্পিউটর | ০৫ | |
| ৪. | ড্রাফটসম্যান কাম এরিয়া এস্টিমেটর কাম সিট কিপার | ২৯৫ | |
| | | ৪৯৩ জন | |

### ঘ. পদোন্নতি (২০২৩-২০২৪ অর্থবছর)

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের উচ্চমান সহকারী ২টি পদ হতে প্রধান সহকারী (প্রশাসন) ও প্রধান সহকারী (জরিপ) পদে, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ১টি পদ হতে হিসাবরক্ষক পদে, জিংক কারেক্টর ৩টি পদ হতে ড্রাফটসম্যান পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

## ১.৮ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অর্জন

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|
| [১] কার্যকর ভূমিস্বত্ব ব্যবস্থাপনা | ৪৬ | [১.১] মৌজা জরিপকরণ | [১.১.১] ডিজিটাল জরিপের জন্য জিওডেটিক পিলার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ৩২৫ | ৯৩৮ |
| | | | [১.১.২] ডিজিটাল পদ্ধতিতে মৌজা জরিপকৃত | সমষ্টি | মৌজা সংখ্যা | ১০৫ | ২৯৬ |
| | | | [১.১.৩] স্বত্বলিপি (খতিয়ান) প্রস্তুতকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২.৫০ | ১.০১ |
| | | | [১.১.৪] ডিজিটাল পদ্ধতিতে প্রস্তুতকৃত মৌজা ম্যাপ | সমষ্টি | মৌজা সংখ্যা | ৮০ | ২০৯ |
| | | | [১.১.৫] প্রচলিত পদ্ধতিতে চূড়ান্ত প্রস্তুতকৃত (কালিকরণ) মৌজা ম্যাপ | সমষ্টি | মৌজা সংখ্যা | ১০৫ | ২২৫ |
| | | [১.২] স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষণ ও মুদ্রণ | [১.২.১] খতিয়ান কম্পিউটারে এন্ট্রিকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩.১০ | ৮.০৩ |
| | | | [১.২.২] খতিয়ান মুদ্রিত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২.২০ | ৪.৩৩ |
| | | | [১.২.৩] ম্যাপ মুদ্রিত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১.২০ | ০.৯৮ |
| | | [১.৩] স্বত্বলিপি হস্তান্তর | [১.৩.১] স্বত্বলিপি চূড়ান্ত প্রকাশিত | সমষ্টি | মৌজা সংখ্যা | ১৭০ | ৩৪০ |
| | | | [১.৩.২] স্বত্বলিপির গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত | সমষ্টি | মৌজা সংখ্যা | ১৭০ | ৪৩৯ |
| | | | [১.৩.৩] সংশিষ্ট কর্তৃপক্ষের নিকট স্বত্বলিপি হস্তান্তরিত | সমষ্টি | মৌজা সংখ্যা | ১৭০ | ৪১১ |
| | | [১.৪] অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ | ১.৪.১ অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকৃত | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | ২ |
| | | [১.৫] আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি | ১.৫.১ যৌথ সীমান্ত পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ১০ | ১২ |
| | | | ১.৫.২ যৌথ সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ০ |
| | | | ১.৫.৩ সীমানা পিলার মেরামতকৃত | সমষ্টি | সংখ্যা | ১৫০ | ১৩৮৭ |
| ২ ভূমি জরিপ কাজে দক্ষতা বৃদ্ধি | ১৬ | [২.১] ভূমি ব্যবস্থাপনা ও জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [২.১.১]কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদত্ত | সমষ্টি | সংখ্যা | ৬২০ | ৬৩৪ |
| | | [২.২] সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ | [২.২.১] কর্মকর্তাদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদত্ত | সমষ্টি | সংখ্যা | ১৫০ | ১১৯ |
| | | [২.৩] পবিবীক্ষণ ও তদারকি | [২.৩.১] অফিস পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ১৮ | ১৮ |
| | | | [২.৩.২] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ৭০ | ১০০ |
| (৩) স্বত্বলিপি সংক্রান্ত নাগরিক সেবা সহজীকরণ | ৮ | [৩.১] মৌজা ম্যাপ স্ক্যানকরণ এবং ফ্রন্টডেস্কের মাধ্যমে সরবরাহ | [৩.১.১] স্ক্যানকৃত মৌজা ম্যাপ ফ্রন্টডেস্ক ও ডাক বিভাগের মাধ্যমে সরবরাহ/বিক্রয় | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১৩ | ১৩ |
| | | | [৩.১.২] মৌজা ম্যাপ স্ক্যানকৃত | সমষ্টি | সিট সংখ্যা (হাজার) | ১২ | ১২ |
| | | | | | | অর্জন মোট | ৬৩.৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|
| [এম. ১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [এম ১.১] শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন | [এম ১.১.১] শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়িত | | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ |
| | | [এম ১.২] ই-গভর্ণ্যান্স/ উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন | [এম ১.২.১] ই-গভর্ণ্যান্স/উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়িত | | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ |
| | | [এম ১.৩] তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | [এম ১.৩.১] তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়িত | | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ |
| | | [এম ১.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম ১.৪.১] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | প্রাপ্ত নম্বর | ৪ | ৪ |
| | | [এম ১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম ১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ |

## ১.৯ মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ)

### অভ্যন্তরীণ প্রশিক্ষণ

২০২৩-২০২৪ অর্থবছরের ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম হিসেবে মোট ২৩টি কোর্স পরিচালিত হয় এবং মোট ৬৩৪ জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সসমূহে অংশগ্রহণ করেন।

অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সসমূহের বিস্তারিত বিবরণ

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণের সময়কাল | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১ | অনলাইন ডিজিটাল ল্যান্ড সার্ভে ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর সিকিউরিটি সংক্রান্ত কর্মশালা | ৬৬ জন | ১৭/০৭/২০২৩ তারিখ ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২ | ১৭-২০ গ্রেডের কর্মচারীদের দাপ্তরিক আচরণ ও শৃঙ্খলা বিষয়ক কোর্স | ৩০ জন | ১৭/০৮/২০২৩ হতে ২০/০৮/২০২৩ পর্যন্ত ০৩ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৩ | Personal Information Management System (PIMS) সফটওয়্যার বিষয়ক কোর্স | ২৫ জন | ১৮/০৭/২০২২ হতে ০৮/০৮/২০২২ পর্যন্ত ১৮ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৪ | অফিস ব্যবস্থাপনা বিষয়ক কোর্স | ৩৩ জন | ০৩/০৯/২০২৩ হতে ০৫/০৯/২০২৩ পর্যন্ত ৩ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৫ | High Resolution Satellite image শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ১৫ জন | ২৪/০৯/২০২৩ হতে ০১/১০/২০২৩ পর্যন্ত | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৬ | UAV Data Capturing & Processing শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ১০ জন | ১০/১০/২০২৩ হতে ২৩/১০/২০২৩ পর্যন্ত ১০ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৭ | অনলাইন ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থাপনা সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২৮ জন | ০৯/১০/২০২৩ হতে ১০/১০/২০২৩ পর্যন্ত ২ কর্মদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৮ | অফিস ব্যবস্থাপনা বিষয়ক কোর্স | ৩৫ জন | ১৯/১০/২০২৩ হতে ২৩/১০/২০২৩ পর্যন্ত ৩ কর্মদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৯ | অনলাইন ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থাপনা সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২৭ জন | ০১/১১/২০২৩ হতে ০২/১১/২০২৩ পর্যন্ত ০২ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১০ | অনলাইন ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থাপনা সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ৩৩ জন | ১৩/১১/২০২৩ তারিখ ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১১ | অনলাইন ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থাপনা সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২৭ জন | ১৭/১১/২০২৩ হতে ১৮/১১/২০২৩ পর্যন্ত ০২ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১২ | ইলেক্ট্রনিক টোটাল ষ্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক রিফ্রেশার্স কোর্স এবং আর্ক জিআইএস বিষয়ক কোর্স | ২৫ জন | ১০/১২/২০২৩ হতে ২৮/১২/২০২৩ পর্যন্ত ১৫ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৩ | ইলেক্ট্রনিক টোটাল ষ্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক রিফ্রেশার্স কোর্স এবং আর্ক জিআইএস বিষয়ক কোর্স | ২৫ জন | ২০/০১/২০২৪ হতে ২৮/১২/২০২৩ পর্যন্ত ১৫ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণের সময়কাল | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১৪ | ১৭-২০ গ্রেডের কর্মচারীদের দাপ্তরিক আচরণ ও শৃঙ্খলা বিষয়ক কোর্স | ৩০ জন | ০৬/০২/২০২৪ হতে ০৮/০২/২০২৪ পর্যন্ত ০৩ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৫ | ইলেক্ট্রনিক টোটাল ষ্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক রিফ্রেশার্স কোর্স এবং আর্ক জিআইএস বিষয়ক কোর্স | ২৫ জন | ০৪/০২/২০২৪ হতে ২২/০২/২০২৪ পর্যন্ত ১৫ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৬ | UAV Data Capturing & Processing শীর্ষক কোর্স | ১০ জন | ৩০/০৩/২০২৪ খ্রি. ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৭ | ইলেক্ট্রনিক টোটাল ষ্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক রিফ্রেশার্স কোর্স এবং আর্ক জিআইএস বিষয়ক কোর্স | ২৪ জন | ০৫/০৫/২০২৪ হতে ০৯/০৫/২০২৪ পর্যন্ত ০৫ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৮ | আর্ক জিআইএস বিষয়ক কোর্স | ২৪ জন | ১২/০৫/২০২৪ হতে ২৩/০৫/২০২৪ পর্যন্ত ১০ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৯ | ড্রোন পাইলট শীর্ষক প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ) | ২০ জন | ১৯/০৫/২০২৪ হতে ৩০/০৫/২০২৩ পর্যন্ত ১০ কর্মদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২০ | ড্রোন পাইলট শীর্ষক প্রশিক্ষণ কোর্স (৩য় ব্যাচ) | ২০ জন | ০২/০৬/২০২৪ হতে ১২/০৬/২০২৪ পর্যন্ত ১০ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২১ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ৩৫ জন | ০৫/০৬/২০২৪ খ্রি. ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২২ | তথ্য অধিকার সংক্রান্ত কোর্স | ৩৫ জন | ০৬/০৬/২০২৪ খ্রি. ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ৩২ জন | ০৬/০৬/২০২৪ খ্রি. ০১ কার্যদিবস | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| | সর্বমোট | ৬৩৪ জন | | |

## ১.১০ বিসিএস ক্যাডার ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ

সার্ভে ও সেটেলমেন্ট ম্যানুয়াল ১৯৩৫ এর অষ্টম চ্যাপ্টারের ২১৬-২২২ অনুচ্ছেদ এ প্রদত্ত নির্দেশনামতে ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড কর্তৃক প্রতি বছর সেপ্টেম্বর মাস হতে এপ্রিল মাস পর্যন্ত বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। প্রতিটি ব্যাচে কমবেশী ৯০ জন কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত তাবু স্থাপন করা হয়। এ প্রশিক্ষণে অতিরিক্ত জেলা প্রশাসক, সিনিয়র সহকারী সচিব, সহকারী কমিশনার (ভূমি), সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা জজ, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সিনিয়র সহকারী পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার, সহকারী বন সংরক্ষক, রেলওয়ের উপ-পরিচালক পদধারীগণ অংশগ্রহণ করেন। ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত এ প্রশিক্ষণে ২০২৩-২৪ অর্থ বছরে ২টি ব্যাচে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৪২ জন, বিসিএস (পুলিশ) ক্যাডারের ২৮ জন, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ৪৯ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। নির্বাচনজনিত কারণে ১ম ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।

| ক্যাডারের নাম | ১৩৪তম ব্যাচ | ১৩৫তম ব্যাচ | অর্জন |
|---|---|---|---|
| | যোগদান | যোগদান | |
| বিসিএস (প্রশাসন) ক্যাডার | ২০ | ২২ | ১১৯ |
| বিসিএস (পুলিশ) ক্যাডার | ১৬ | ১২ | |
| বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস | ২০ | ২৯ | |
| সর্বমোট | ৫৬ | ৬৩ | |



১৩৫ তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে সচিব, ভূমি মন্ত্রণালয়কে ফুল দিয়ে বরণ।




সচিব, ভূমি মন্ত্রণালয়, মহাপরিচালক (গ্রেড-১) ও কোর্স পরিচালকসহ ১৩৫ তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ।

## ১.১১ শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০২৩-২০২৪) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট নিষ্পত্তি | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭৪ | ০২ | ০৮ | ১২ | ২২ | ৫২ |

## ১.১২ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ১০১ | ৮২.৫৩ | ১০১ | ৫৬ | ৬৬.৩৬ | ৪৫ | ১৬.১৭ |
| | | ৪১ | ০.০৮ | ৪১ | ৪১ | ০.০৮ | ০ | ০.০৮ |
| ২. | জোনাল সেটেলমেন্ট অফিসসমূহ | ১০৩ | ০.০৩২৪ | ১০৩ | ৮০ | ০.০২৫ | ২৩ | ০.০০৭৪ |
| মোট | | ২৪৫ | ৮২.৬৪.২৪ | ২৪৫ | ১৭৭ | ৬৬.৪৬.৫০ | ৬৮ | ১৬.২৫.৭৪ |

## ১.১৩ বাজেট

**সম্পূরক মঞ্জুরি ও বরাদ্দ দাবি (পরিচালন ও উন্নয়ন)**

২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অনুকূলে পরিচালন খাতে বরাদ্দ ছিল ২৩০.৬৮ লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে বরাদ্দ ছিল ২৭০.৬৮লক্ষ টাকা। ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন

**২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেট এবং সংশোধিত বাজেট**

| ক্রমিক নং | দপ্তরের নাম | ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেট (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১. | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর কার্যক্রম | ২৩০.৫৬ |
| ২. | উন্নয়ন কার্যক্রম | ২৭০.৬৮ |
| | সর্বমোট কার্যক্রম | ৫০১.২৪ |

২

# ২০২৩-২০২৪ মাঠ মৌসুমের বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমানা নির্ধারণ সংক্রান্ত তথ্যাবলী

**ক) বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক যৌথ সীমানা সম্মেলন:**

- ২১-২৩ নভেম্বর ২০২৩ খ্রি. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বাংলাদেশ এবং সার্ভেয়ার জেনারেল অব ইন্ডিয়া পর্যায়ে ৫ম যৌথ সীমানা সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত যৌথ সীমানা সম্মেলনটি যৌথ স্বাক্ষরবিহীন সমাপ্ত হয়।
- পরবর্তীতে মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বাংলাদেশ এবং সার্ভেয়ার জেনারেল অব ইন্ডিয়া পর্যায়ে ৫ম যৌথ সীমানা সম্মেলনের কার্যবিবরণী স্বাক্ষরপূর্বক কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে ভারতীয় পক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।
- উক্ত কার্যবিবরণী যৌথ স্বাক্ষরের পর ৬ষ্ঠ যৌথ সীমানা সম্মেলন ভারতে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত ছিলো। কিন্তু ৫ম যৌথ সীমানা সম্মেলনের কার্যবিবরণী স্বাক্ষর না হওয়ায় ৬ষ্ঠ যৌথ সীমানা সম্মেলনটি এখনও অনুষ্ঠিত হয়নি।

**খ) ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমান্তে উভয় দেশের মহাপরিচালক/ উপরিচালক/চার্জ অফিসার পর্যায়ে যৌথ মাঠ পরিদর্শন:**

| ক্রমিক নং | তারিখ | সেক্টরের নাম | পর্যায়ে |
|---|---|---|---|
| ১. | ০৩-০৭ জুলাই ২০২৩ | বাংলাদেশ-মেঘালয় (ভারত) | মহাপরিচালক/পরিচালক |
| ২. | ০৬/১১/২০২৩ | বাংলাদেশ-মেঘালয় (ভারত) | চার্জ অফিসার |
| ৩. | ০৮/১১/২০২৩ | বাংলাদেশ-আসাম (ভারত) | চার্জ অফিসার |
| ৪. | ০৮/১১/২০২৩ | বাংলাদেশ-ত্রিপুরা (ভারত) | চার্জ অফিসার |
| ৫. | ২৩/১১/২০২৩ | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) | চার্জ অফিসার |
| ৬. | ০৬/১২/২০২৩ | বাংলাদেশ-ত্রিপুরা (ভারত) | চার্জ অফিসার |
| ৭. | ৩০-৩১ ডিসেম্বর ২৩ | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) | চার্জ অফিসার |
| ৮. | ২৩-২৫ জানুয়ারি ২৪ | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) | চার্জ অফিসার |
| ৯. | ২৪-২৮ ফ্রেব্রুয়ারি ২৪ | বাংলাদেশ-ত্রিপুরা (ভারত) | উপপরিচালক (জরিপ) |
| ১০. | ১৮-২২ মার্চ ২০২৪ | বাংলাদেশ-ত্রিপুরা (ভারত) | মহাপরিচালক/পরিচালক |
| ১১. | ২৫-২৬ এপ্রিল ২০২৪ | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) | উপপরিচালক (জরিপ) |
| ১২. | ০৭-০৯ মে ২০২৪ | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) | উপপরিচালক (জরিপ) |

**গ) ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমান্তে বাংলাদেশ কর্তৃক সীমানা পিলার পুনর্নির্মাণ/ মেরামতকৃত পিলারের হিসাব:**

| ক্রমিক নং | সেক্টরের নাম | পিলারের সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | পুনর্নির্মাণ | মেরামত | সর্বমোট |
| ১. | বাংলাদেশ-পশ্চিমবঙ্গ (ভারত) সেক্টর | ১৯৮ | ৫১০ | ৭০৮ |
| ২. | বাংলাদেশ-মেঘালয় (ভারত) সেক্টর | ০২ | ০২ | ০৪ |
| ৩. | বাংলাদেশ-মেঘালয় (ভারত) সেক্টর | ৫ | ১৭ | ৫২ |
| ৪. | বাংলাদেশ-ত্রিপুরা (ভারত) সেক্টর | ১৪৬ | ৪৭৭ | ৬২৩ |
| | সর্বমোট | ৩৮১ | ১০০৬ | ১৩৮৭ |

ঘ) ২০২৩-২৪ মাঠ মৌসুমে আন্তঃজেলা সীমানা নির্ধারণ কাজের অগ্রগতি প্রতিবেদন:

| ক্রমিক নং | কর্মসূচিভুক্ত আন্তঃজেলা সীমানা বিরোধীয় এলাকার নাম | কাজের অগ্রগতি |
|---|---|---|
| ১. | ভোলা (সদর)-ভোলা (দৌলতখান) আন্তঃ উপজেলা | আন্তঃউপজেলা সীমানা নির্ধারণী এলাকার মাঠের কাজ সম্পন্ন করে ৪০ (চল্লিশ) টি পিলার ১৪.০৩.২০২৪ খ্রি. উভয় উপজেলার প্রতিনিধির নিকট সরেজমিনে বুঝিয়ে দেয়া হয়েছে। |
| | | ভোলা জেলার দৌলতখান উপজেলার চর বৈরাগীয়া ও চর মধুপুরা মৌজার সীমানা নির্ধারণ কাজ সম্পন্ন করা হয়েছে। আগামী ১৫.০৫.২০২৪ খ্রি. ৬৬টি পিলার জেলা প্রশাসক, ভোলা এর প্রতিনিধির নিকট বুঝিয়ে দেয়া হয়েছে। |
| ২. | মাদারীপুর জেলাস্থ রাজৈর ও শিবচর উপজেলায় ত্রি-সীমানা পিলার স্থাপন | শিবচর উপজেলায় ০৩টি এবং রাজৈব উপজেলায় ০১টি পিলার নির্মাণের চিহ্নিত স্থানসমূহ ০৪.০৩.২০২৪ ও ০৫.০৩.২০২৪ খ্রি. মাদারীপুর জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট সরেজমিনে বুঝিয়ে দেয়া হয়েছে। |
| ৩. | জামালপুর (সদর)-শেরপুর (সদর) আন্তঃজেলা | জামালপুর (সদর)—শেরপুর (সদর) আন্তঃজেলা সীমানা নির্ধারণের প্রায় ৩.৫ কি.মি. এলাকার কাজ সম্পন্ন করে ২৫.০৬.২০২৪ খ্রি. ৫৬টি পিলার উভয় জেলার জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট বুঝিয়ে দেয়া হয়েছে। |
| ৪. | বরিশাল (মেহেন্দিগঞ্জ)-ভোলা (সদর) আন্তঃজেলা | আন্তঃজেলা সীমানা নির্ধারণ কাজ Contempt Notice এর কারণে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা এর মৌখিক নির্দেশে স্থগিত করা হয়। |

ঙ) ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম পরিচালনা করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক জিওডেটিক কন্ট্রোল পিলারের মান নির্ণয়:

| ক্রমিক নং | জোনের নাম | মান নির্ণয়কৃত পিলার সংখ্যা |
|---|---|---|
| ১ | ঢাকা | ৩৬ |
| ২ | রাজশাহী | ৭৮ |
| ৩ | যশোর | ৩৪ |
| ৪ | পাবনা | ৫০ |
| ৫ | টাঙ্গাইল | ২৫০ |
| ৬ | সিলেট | ১৫২ |
| ৭ | বরিশাল | ৫৪ |
| ৮ | দিয়ারা অপারেশন, ঢাকা | ২৮৪ |
| | সর্বমোট | ৯৩৮ |

চ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার জন্য ক্রয়কৃত যন্ত্রপাতি বিবরণ:

| ক্রমিক নং | কাজের বিবরণ | যন্ত্রপাতির নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ডিজিটাল জরিপ কার্যক্রম ত্বরান্বিত করা | ইলেক্ট্রনিক টোটাল স্টেশন (ইটিএস) মেশিন | ৪৬ সেট |
| ২ | ডিজিটাল জরিপ কাজ আধুনিকায়ন করা | Unmanned Aerial Vehicle (UAV) ড্রোন | ০১ সেট |
| ৩ | স্ক্যানকৃত ম্যাপ সংরক্ষণ করা | সার্ভার ও ফায়ারওয়াল | ০১ সেট |

### ছ) মৌজা ম্যাপ বিক্রির হিসাবঃ

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর রেকর্ডরুম হতে অফলাইনে ১২,২০৯টি মৌজাম্যাপ বিক্রি বাবদ ৬১,০৪,০০০/- (একষট্টি লক্ষ চার হাজার টাকা) এবং অনলাইনে ৪,৬৩৪ টি মৌজাম্যাপ বিক্রি বাবদ ২৫,২১,৭৯০/- (পঁচিশ লক্ষ একুশ হাজার সাতশত নব্বই) টাকা মাত্রসহ সর্বমোট (৬১,০৪,০০০০+২৫,২১,৭৯০)=৮৬,২৫,৭৯০/- (ছিয়াশি লক্ষ পঁচিশ হাজার সাতশত নব্বই) টাকা মাত্র রাজস্ব খাতে জমা প্রদানের কাজ সম্পন্ন করণ।

### জ) ২০২৩-২০২৪ অর্থ বছরের মুদ্রণের হিসাবঃ

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর অধীন বিভিন্ন জোনে ৭২৮টি মৌজার ৮৮১টি সিটের ৯৮,৪১৫ (আটানব্বই হাজার চারশত ১৫) কপি মৌজা ম্যাপের মুদ্রণ কাজ সম্পন করা হয়েছে।

৩

# প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

## ১. ইডিএলএমএস প্রকল্পের তথ্য

প্রকল্পের নাম : ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে ৩ টি সিটি কর্পোরেশন, ১ টি পৌরসভা এবং ২ টি গ্রামীণ উপজেলার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)

উদ্যোগী মন্ত্রণালয় : ভূমি মন্ত্রণালয়।

বাস্তবায়নকারী সংস্থা : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।

প্রকল্প অনুমোদন : ২১/০৬/২০১৮ খ্রি. তারিখ (একনেক কর্তৃক অনুমোদিত হয়)

প্রকল্প বাস্তবায়ন কাল : জুলাই/২০১৮ - জুন/২০২৫

আর্থিক সহায়তায় : এক্সিম ব্যাংক, দক্ষিণ কোরিয়া

প্রকল্পের খরচ : ৩৮৩ কোটি ৫০ লক্ষ টাকা

অর্থের উৎস : (ক) প্রকল্প সাহায্য (পিএ) ৩০৫ কোটি ৪০ লক্ষ


: (খ) সরকারী অর্থায়ন (জিওবি) ৭৮ কোটি ১০ লক্ষ

| | প্রকল্প এলাকার নাম | | মৌজা সংখ্যা | এরিয়া(বর্গকিমি) |
|---|---|---|---|---|
| | জোন | সিটি কর্পোরেশন/উপজেলা/থানা/পৌরসভা | | |
| ১ | ঢাকা | নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন | ৭১ | ৬০.৮৭ |
| | | মানিকগঞ্জ পৌরসভা | ৪১ | ২৫.৩১ |
| | | ধামরাই উপজেলা (পৌরসভাসহ) | ২৯৮ | ২৯৯.৭৩ |
| ২ | চট্টগ্রাম | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৬৮ | ১৮০.৭১ |
| ৩ | রাজশাহী | রাজশাহী সিটি কর্পোরেশন | ৪০ | ৪৮.৪৭ |
| ৪ | যশোর | কুষ্টিয়া সদর উপজেলা (পৌরসভাসহ) | ১১৬ | ৩১২.০০ |
| সর্বমোট | | | ৬৩৪ | ৯২৭.০৯ |

### প্রকেল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

- সরকারের ভূমি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করা করার লক্ষ্যে ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা ব্যবস্থা (DLMS) প্রতিষ্ঠা করা, যাতে জনগণকে ভূমির উপর নিরাপত্তা এবং মালিকানার আত্মবিশ্বাস প্রদান করা যায়।
- ডিজিটাল ভূমি জরিপ, মৌজা ম্যাপ ও খতিয়ান ডিজিটালাইজেশনের মাধ্যমে মানুষের সম্পত্তির অধিকার রক্ষা।
- বিদ্যমান পদ্ধতিতে রেকর্ড নামজারী কার্যক্রম সমাপ্ত হলেও ম্যাপ সংশোধনের সুযোগ থাকে না। প্রকল্পের মাধ্যমে এসি ল্যান্ড অফিস, সেটেলমেন্ট অফিস ও ভূমি ব্যবস্থাপনা অফিসের মধ্যে সমন্বিত ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা হবে। যার মাধ্যমে রেকর্ড নামজারী করার সময়ই ম্যাপ সংশোধন করা যাবে। এর মাধ্যমে ভূমি ব্যবস্থাপনায় রিয়েল টাইম আপডেটেশন ব্যবস্থার প্রবর্তন হবে
- ভূমি জরিপ, ভূমি ব্যবস্থাপনা ও সাব-রেজিস্ট্রি অফিসের মধ্যে নেটওয়ার্ক প্রতিষ্ঠা করে অটোমেশন ব্যবস্থার প্রবর্তন করা সম্ভব হবে;
- বিদ্যমান ব্যবস্থায় এ কার্যক্রম সম্পন্ন করতে ২৫-৩০ বছর সময় লাগে, বাস্তবায়নাধীন ব্যবস্থাপনায় রিয়েল টাইমে (১৫ দিনের মধ্যে) নাগরিকের ভূমি সেবা প্রদান করা যাবে।

- ভূমি ডাটা ব্যাংক প্রতিষ্ঠার মাধ্যমে মৌজা ম্যাপ ও ভূমি মালিকানা স্বত্বের মধ্যে লিংকেজ স্থাপন করা হবে বিধায় সংশ্লিষ্ট ভূমি মালিকগণ স্ব স্ব দাগের নকশা সহজেই অনলাইনের মাধ্যমে জানতে পারবেন;
- ভূমি বিবাদ হ্রাস পাবে ও ভূমি উন্নয়ন কর আদায় সহজতর হবে; নগর পরিকল্পনা এবং এর উন্নয়নে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে ভূমি সংক্রান্ত ডাটা সহজেই আদান প্রদান করা যাবে;



প্রকল্পের ব্যয় সংক্রান্ত তথ্য

| বিবরণ | অর্থের উৎস | পরিমান (লক্ষ টাকা) |
|---|---|---|
| ২০২৩-২০২৪ অর্থ বছরের আর্থিক অগ্রগতি | পিএ | ৯৯৫১.০১ লক্ষ টাকা |
| | জিওবি | ১৫২৭.২২ লক্ষ টাকা |
| মোট ক্রমপুঞ্জিত ব্যয় | | ১৩০৫১.৮২ লক্ষ টাকা |

বাস্তব অগ্রগতি

- ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ছিল; ১৯/০১/২০২২ খ্রি. তারিখে প্রথম সংশোধনীতে জুন/২০২৫ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়।
- প্রকল্পের আওতায় ৬ষ্ঠ- ২০ তম গ্রেডে জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে।
- প্রকল্পের রাজস্ব খাতে ১টি জীপ, ১টি মাইক্রোবাস ও ২টি পিক-আপসহ মোট ৪টি গাড়ী প্রগতি ইন্ডাস্ট্রিজ হতে ক্রয় সম্পন্ন করা হয়েছে।
- প্রকল্প অফিসসহ প্রকল্পের ০৬টি সাইট অফিসের জন্য জিওবি খাতে আসবাবপত্র (GD-2 Lot-1) ক্রয় সম্পন্ন করা হয়েছে।
- আউটসোর্সিং এর মাধ্যমে ১ম লটের (৪ জন অফিস সহায়ক ও ৪ জন ড্রাইভার) জনবল নিয়োগ সম্পন্ন করা হয়েছে।
- অবশিষ্ট ৪ টি লটের মোট ১৮৬ (১৫০ জন চেইনম্যান/খালাশি, ৩৫ জন প্রসেস সার্ভার ও ০১ জন GIS Specialist) নিয়োগ সম্পন্ন করা হয়েছে।
- আন্তর্জাতিক নিয়োগ:
- আন্তর্জাতিক কনসালটেন্ট: LX, corporation JVA (LX, corporation. Geomexsoft., Ltd, Daeyeong ubitec co., Ltd) বিগত ০৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.
- আন্তর্জাতিক কন্ট্রাক্টর: Samsung C&T Co. JVA (Samsung C&T Co, Hyundai Auto Ever, Asia Aero Survey, Saehan G&I, gitt) ২০ জুন, ২০২৩ খ্রি.

**২. প্রকল্পের নাম : ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)**

উদ্যোগী মন্ত্রণালয় : ভূমি মন্ত্রণালয়।

বাস্তবায়নকারী সংস্থা : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।

**প্রকেল্পের লক্ষ্য ও উদ্দেশ্য**

**(ক) মূল উদ্দেশ্য**

ভূমির মালিকানাস্বত্বের নিরাপত্তা বিধানকল্পে দক্ষ, স্বচ্ছ, জবাবদিহিতা ও নির্ভরযোগ্য ডিজিটাল ভূমি জরিপ ব্যবস্থার মাধ্যমে ৫টি জেলার ৩২টি উপজেলায় "জিআইএস- ডাটাবেজভিত্তিক ভূমি জরিপ" সম্পাদন করা।

**খ) সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ**

- প্রস্তাবিত প্রকল্প এলাকায় জিওডেটিক সার্ভের মাধ্যমে পিলার স্থাপন করা।
- ডিজিটাল পদ্ধতিতে ক্যাডেস্ট্রাল জরিপের মাধ্যমে ডিজিটাল মৌজাম্যাপ ও খতিয়ান প্রস্তুত করা।
- আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার লক্ষ্যে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণে মোট ২৪৫০ জন কমকর্তা-কর্মচারীকে ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।
- খতিয়ানের সাথে মৌজা ম্যাপের আন্তঃসংযোগ ও জিওডেটাবেজ প্রস্তুতের মাধ্যমে পরবর্তী ভূমি সংক্রান্ত যাবতীয় সেবা অটোমেশন ও ডিজিটাইজেশনের জন্য ডাটা প্রস্তুত করা।

**সংক্ষিপ্ত পটভূমি**

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ১৮৭৫, ১৮৮৫, ১৯৩৫, ১৯৫০ ও ১৯৫৪ সালের ৫টি আইন/বিধিমালা/ম্যানুয়াল অনুসরণে ১৮৮৮ সাল হতে অদ্যাবধি ভূমি রেকর্ড ও জরিপের কাজ করে আসছে। দেশব্যাপী এ পর্যন্ত ২টি পূর্ণাঙ্গ জরিপ হয়েছে, যা সিএস (১৮৮৮-১৯৪০) ও এসএ (১৯৫৬-১৯৬৩) অপারেশন নামে পরিচিত। আরএস জরিপটি ১৯৬৫ হতে শুরু হয়ে এখনো চলছে। শতবর্ষের পুরানো সনাতন পদ্ধতিতে রেকর্ড প্রস্তুতে দীর্ঘ সময় লাগে। এ অধিদপ্তর কর্তৃক শতবর্ষের পুরানো ম্যানুয়াল পদ্ধতি অনুসরণে জরিপ করার কারণে মৌজা ম্যাপ/নকশা ও রেকর্ড/খতিয়ান প্রস্তুতে অত্যধিক সময় অতিবাহিত হাওয়ায় স্বত্বলিপির চূড়ান্ত প্রকাশনা দিতে প্রায় কয়েক দশক লেগে যায় এবং এ সকল জরিপের গুরুত্বপূর্ণ ম্যাপ ও রেকর্ডসমূহের সংরক্ষণ জটিল হয়ে পড়ে।

ভূমি তথ্য সংরক্ষণে টেকসই ব্যবস্থা প্রবর্তন, ভূমি সংক্রান্ত বিষয়ে সামাজিক দ্বন্দ্ব নিরসন, ভূমি সংক্রান্ত দুর্নীতি দমন এবং জনগণের নিকট যথাসময়ে সঠিক ভূমি তথ্য ও পরিসেবা প্রদানের লক্ষ্যে দক্ষ, স্বচ্ছ, জবাবদিহিতা ও নির্ভরযোগ্য ডিজিটাল ভূমি জরিপ ব্যবস্থাপনার প্রবর্তন এবং সকল সেবার অটোমেশন কাজে সহায়তা করার লক্ষ্যে ভূমি রেকর্ড ও জরিপে ডিজিটাল পদ্ধতির প্রয়োগে প্রকল্পটি গ্রহণ করা হয়।

### প্রকল্পের প্রাক্কলিত ব্যয়

| | মূল অনুমোদিত ব্যয় (লক্ষ টাকা) | আন্ত:অঙ্গ সমন্বয়কৃত ব্যয় (লক্ষ টাকা) | ১ম সংশোধিত ব্যয় (লক্ষ টাকা) | পার্থক্য | |
|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ টাকা | % |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| মোট | ১২১,২৫৪.৮৬ | ১২১,২৫৪.৮৬ | ১১৬,০৭৫.৫৩ | (-)৫,১৭৯.৩৩ | ৪.২৭ % হ্রাস |
| জিওবি | ১২১,২৫৪.৮৬ | ১২১,২৫৪.৮৬ | ১১৬,০৭৫.৫৩ | (-)৫,১৭৯.৩৩ | ৪.২৭ % হ্রাস |
| নিজস্ব তহবিল | - | - | - | - | - |
| অন্যান্য | - | - | - | - | - |

### প্রকল্পের বাস্তবায়নকাল

| প্রকল্পের প্রকৃতি | | আরম্ভ | সমাপ্ত |
|---|---|---|---|
| (ক) মূল প্রকল্প | : | জুলাই, ২০২০ খ্রি: | জুন, ২০২৫ খ্রি: |
| (গ) ১ম সংশোধন | : | জুলাই, ২০২০ খ্রি: | জুন, ২০২৭ খ্রি: |

### প্রকল্প এলাকা

| বিভাগ | সেটেলমেন্ট জোন | জেলা | উপজেলা | মোট সংখ্যা |
|---|---|---|---|---|
| বরিশাল | পটুয়াখালী | পটুয়াখালী | পটুয়াখালী সদর, বাউফল, দুমকি, দশমিনা, কলাপাড়া, মির্জাগঞ্জ, গলাচিপা ও রাঙ্গাবালী | ০৮টি |
| | | বরগুনা | বরগুনা সদর, আমতলী, তালতলী, বেতাগী, বামনা ও পাথরঘাটা | ০৬টি |
| রাজশাহী | পাবনা | পাবনা | পাবনা সদর, আটঘরিয়া, বেড়া, ভাঙ্গুরা, চাটমোহর, ফরিদপুর, ঈশ্বরদী, সাঁথিয়া ও সুজানগর | ০৯টি |
| | | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর, বেলকুচি, কামারখন্দ, রায়গঞ্জ, শাহজাদপুর, তাড়াশ ও উল্লাপাড়া | ০৭টি |
| ঢাকা | ফরিদপুর | - | - | ০২টি |
| | | | **উপ-মোট** | **৩২টি** |

### আর্থিক অগ্রগতি

| অর্থ বছর | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | মোট খরচ |
|---|---|---|---|---|---|
| ব্যয় | ৬.৫৬ | ১৭৯.০২ | ৬৩.৮২ | ১৩১.১৩ | ৪৬৬.৭৩ |
| আর্থিক অগ্রগতি | ০.৪০% | | | | |
| ২০২৫-২৬ এডিপি বরাদ্দ | ৮৭৪৭.০০ লক্ষ টাকা | | | | |

৪

# দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের (জুলাই ২০২৩-জুন ২০২৪) জরিপ কার্যক্রম ও অর্জন

দিয়ারা সেটেলমেন্ট অপারেশন ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের একটি প্রতিষ্ঠান। নদীমার্তৃক বাংলাদেশের নদী ও সমুদ্র উপকূলবর্তী এলাকায় সিকস্তি পয়স্তির মাধ্যমে ভৌগলিক এবং স্বত্বের পরিবর্তন হয়ে জেগে উঠা নতুন চরাঞ্চলের জরিপের মাধ্যমে নতুন নকশা ও রেকর্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম দিয়ারা সেটেলমেন্ট অপারেশন। মূলত: দিয়ারা সেটেলমেন্ট অপারেশন এর অধিক্ষেত্র সমগ্র বাংলাদেশ।

দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কর্তৃক এ পর্যন্ত ম্যানুয়াল জরিপে ১৫৩৫টি মৌজা কর্মসূচিভুক্ত করে ১৫২০ টি মৌজা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ বরাবরে হস্তান্তর করা হয়েছে এবং অবশিষ্ট ১৫টি মৌজার কাজ বিভিন্ন স্তরে চলমান আছে। ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কর্তৃক ১২২টি মৌজার ডিজিটাল জরিপ কর্মসূচিভুক্ত করে ৬১টি মৌজা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ বরাবরে হস্তান্তর করা হয়েছে এবং ৬১টি মৌজার কাজ বিভিন্ন স্তরে চলমান আছে। দিয়ারা শুরু থেকে অদ্যাবধি The Bengal Survey and Settlement Manual, ১৯৩৫ এর ৩২১ অনুচ্ছেদ মোতাবেক প্রায় ৪৫০টি চরের মৌজা গঠন ও জে. এল, নম্বরসহ নামকরণের কাজ সম্পন্ন করেছে।

দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকার সাম্প্রতিককালে ৩টি আঞ্চলিক অফিসের সীমিত জনবল দিয়ে স্বল্পতম সময়ে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকার জরিপ কাজ সম্পন্ন করে নজির স্থাপন করেছে। এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যকে সামনে রেখে উপকূলীয় জেলায় নতুন জেগে উঠা চর/দ্বীপসমূহের দিয়ারার মাধ্যমে জরিপকৃত ভূমিতে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, শিল্প কারখানা স্থাপন, কৃষিকাজ এবং ভূমিহীনদের পুনর্বাসনের মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যাপক অবদান রেখে চলেছে।

**সাম্প্রতিক (জুলাই ২০২৩ হতে জুন ২০২৪) সময়ের অগ্রগতি চিত্র:**

দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে ২৬ টি মৌজার ১৪২.০০ বর্গ কিমি এরিয়ার ট্রাভার্স, ১৮টি মৌজার ১১৮.১৮ বর্গ কি.মি. এরিয়ার কিস্তোয়ার, ৮ টি মৌজার ৮৪টি নকশা, ১৩০৭১ দাগ ও ১৪২৫৭ টি বুঝারত খতিয়ান সৃজন করা হয়েছে। ০৭টি মৌজার ১৬৭৮০টি খতিয়ানের তসদিক ও ০৬ টি মৌজার ২৬,৬৭৭টি খতিয়ান, ৫৭ টি নকশার তসদিক পরবর্তী যাঁচ করা হয়েছে। ০৬ টি মৌজার ২৭৮০০ খতিয়ানের খসড়া প্রকাশনা (ডিপি), ০৩ টি মৌজার ৪৪৩৯ টি আপত্তি মামলা ও ০৫ টি মৌজার ৯৩০ টি আপীল মামলা নিষ্পত্তি করা হয়েছে। ০৪ টি মৌজার ১০,২৩৫ টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ, ১১টি মৌজার ৪১,১৪৯ টি খতিয়ান, ২৭৮ টি নকশার চূড়ান্ত প্রকাশনা, ০৮ টি মৌজার ১৫,৩৭৪টি খতিয়ানের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ এবং ০৯ টি মৌজার ৫৭৯ টি ভলিউম, ১৮৬৫০ খতিয়ান সংশিষ্ট জেলা প্রশাসকগণের নিকট হস্তান্তর করা হয়েছে।

সেটেলমেন্ট অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে বিভিন্ন মৌজায় মোট ০৬(ছয়)টি গণসংযোগ করা হয়েছে। এছাড়া সপ্তাহে প্রতি রবিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত আগত ভূমি মালিক/ দর্শনার্থীগণের ব্যক্তিগত সাক্ষাৎকার নেয়া হয় এবং আগত ভূমি মালিক/ দর্শনার্থীগণকে বিধি মোতাবেক যথাযথ সেবা প্রদানসহ প্রয়োজনীয় আইনগত পরামর্শ দেয়া হয়েছে। ডিজিটাল জরিপ কার্যক্রমের উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসেবে অনলাইন সার্ভে ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে খানাপুরি-বুঝারত স্তরে খতিয়ান প্রস্তুত হওয়ার সাথে সাথে এবং জরিপের পরবর্তী সকল স্তরে স্বয়ংক্রিয়ভাবে ভূমি মালিকের নিকট এসএমএস ও ই-মেইল প্রেরণের ব্যবস্থা করা হয়েছে।





দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের অধীন কক্সবাজার জেলার মহেশখালী চ্যানেল চর মৌজায় পরিচালক (ভূমি রেকর্ড) মহোদয় কর্তৃক ড্রোনের মাধ্যমে কিস্তোয়ার জরিপ কার্যক্রম উদ্বোধন





সেটেলমেন্ট অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কর্তৃক গণসংযোগের নিমিত্ত মত বিনিময় সভায় বক্তব্য প্রদান

৫

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সাফল্যচিত্র

## ৫.১ জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম ও অর্জন

জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা কার্যালয়ের অধিক্ষেত্রাধীন ০৬টি জেলায় (৪টি সিটি কর্পোরেশন এবং ৩৪টি উপজেলায়) মোট ৫২৫৩টি মৌজা বিদ্যমান। তন্মধ্যে ৩৬২ টি মৌজা বিডিএস জরিপের কর্মসূচিভুক্ত। কর্মসূচিভুক্ত ৩২৬টি মৌজার মধ্যে ১০৭টি মৌজা ম্যানুয়াল পদ্ধতিতে এবং ২৫৫টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপের কর্মসূচিভুক্ত। ইতোমধ্যে কর্মসূচিভুক্ত ৩৬২টি মৌজার মধ্যে ম্যানুয়াল পদ্ধতির ১০৫টি এবং ডিজিটাল পদ্ধতির ৮১টিসহ মোট ১৮৬টি মৌজার চূড়ান্ত প্রকাশনা ও গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১৭৬টি মৌজার মধ্যে ম্যানুয়াল পদ্ধতির ০২টি (সাভার উপজেলাধীন ১৪১ নং দক্ষিণকৃষ্ণপুর ও ১৪২ নং ছোট কালিয়াকৈর) মৌজা এবং ডিজিটাল পদ্ধতিতে ১৭৪টি মৌজার বিভিন্ন স্তরের কার্যক্রম চলমান রয়েছে।

**২০২৩-২৪ অর্থ বছরের প্রকৃত অর্জন নিম্নরূপঃ**

২০২৩-২৪ অর্থবছরে ০৬টি মৌজার ৩৭৫৬.৮ একর জমির কিস্তোয়ার, ১৭টি মৌজার ৫২২৩৮টি বুঝারত খতিয়ান সৃজন, ১২টি মৌজার ৩০৯৮৪টি খতিয়ানের তসদিক সম্পন্ন, ০৬ টি মৌজার ২৬৯০০টি খতিয়ানের খসড়া প্রকাশনা, ০৪টি মৌজার ১২০১৪টি আপত্তি এবং ০৫টি মৌজার ১৪২২টি আপিল নিষ্পত্তি করা হয়েছে। ০৮টি মৌজার ৯০৩৯টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ, ০৭টি মৌজার ৭১৯৭টি খতিয়ানের চূড়ান্ত প্রকাশনা, ১২টি মৌজার ৮৫৫০টি খতিয়ানের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ এবং ০৮টি মৌজার ১৬৩০টি খতিয়ান সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

২০২৩-২৪ অর্থ বছরে আটিয়া ফরেস্ট সংশ্লিষ্ট গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় ০২টি, ইডিএলএমএস প্রকল্পের আওতাভুক্ত ঢাকা জেলার ধামরাই উপজেলায় ০১টি, মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর উপজেলায় ০১টি এবং নারায়ণগঞ্জ জেলার নরায়ণগঞ্জ সদর উপজেলায় ০১টিসহ মোট ০৫টি গণসংযোগ করা হয়েছে। ভূমি জরিপের বিভিন্ন স্তর ও বিধি বিধান সম্বলিত প্রায় ১০,০০০ (দশ হাজার) লিফলেট বিতরণ করা হয়েছে। সপ্তাহে প্রতি রবিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা কার্যালয়ে আগত ভূমি মালিক/দর্শনার্থীগণের ব্যক্তিগত সাক্ষাৎকার নেয়া হয়েছে এবং আগত ভূমি মালিক/দর্শনার্থীগণকে বিধি মোতাবেক যথাযথ সেবা প্রদানসহ প্রয়োজনীয় আইনগত পরামর্শ দেয়া হয়েছে।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক ডিজিটাল জরিপ কার্যক্রমে ব্যবহৃত সফটওয়্যারটির কারিগরি/তথ্যগত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খানাপুরি-বুঝারত স্তরে খতিয়ান প্রস্তুত হওয়ার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে ভূমি মালিকের নিকট এসএমএস এবং ই-মেইল প্রেরণ করা হয়। খসড়া প্রকাশনার অব্যবহিত পরেই অনলাইনে খসড়া খতিয়ান দেখা যায়। বুঝারত খতিয়ান সৃজন হওয়ার পর থেকে চূড়ান্ত প্রকাশনা পর্যন্ত যে কোন স্তরে ভূমি মালিকগণ মাত্র ১০০(একশত) টাকার বিনিময়ে খতিয়ান গ্রহণ করতে পারেন। বর্তমানে সফটওয়্যারটিতে খতিয়ানের সাথে ম্যাপ ইন্টিগ্রেশন এবং অনলাইনে কেস ম্যানেজমেন্ট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটি সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী।

ভূমি মন্ত্রণালয়ের ০১ নভেম্বর ২০২৩ খ্রি. ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৭.১২-২৪১ এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ০২ নভেম্বর ২০২৩ খ্রি. ৩১.০৩.০০০০.০০৩.০১.০০২.২০২১-৮১৯(২৯) নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার আটিয়া ফরেস্ট এর আওতাভুক্ত ০৮টি মৌজা ব্যতীত জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর অধীক্ষেত্রাধীন চলমান জরিপের সকল স্তরের কার্যক্রম নভেম্বর ২০২৩ খ্রি. হতে স্থগিত রয়েছে।

## ৫.২ দিনাজপুর জোনের জরিপের সাফল্যগাঁথা

উন্নত বাংলাদেশের স্বপ্ন পূরণের লক্ষ্য নিয়ে দিনাজপুর জোনে আনুষ্ঠানিকভাবে জরিপের যাত্রা শুরু হয় ২০১২ সনে। এর পূর্বে জোনের সার্বিক কার্যক্রম পরিচালিত হতো রংপুর ও বগুড়া জোনের অধীন। দিনাজপুর জোনের মাঠ জরিপ কার্যক্রম শুরু হয়: দিনাজপুর জেলা ২০০৩-০৫, ঠাকুরগাঁও জেলা ২০০৭-০৮, পঞ্চগড় জেলা ২০০৭-০৯। দিনাজপুর জোনের আওতাভুক্ত জেলার সংখ্যা : ০৩টি, উপজেলার সংখ্যা ২৩টি, মৌজা সংখ্যা ৩,১০৯ টি এবং আয়তন ৬,৬১১.৬৭ বর্গ কি.মি.।

**স্তরভিত্তিক অর্জন:**

**আপত্তি স্তর:** ৩,০০৬ টি মৌজার ১১,০৯,৩৬৬ টি আপত্তি মামলার মধ্যে ২,৮৮৬ টি মৌজার ১০,৯১,৮২৬ টি আপত্তি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে মোট ০১ লক্ষ আপত্তি মামলা নিষ্পত্তি করা হয়েছে।

**আপীল স্তর:** আপীল স্তরে ২,৮৮৬ টি মৌজার ৭৭,৬২০ টি মামলার মধ্যে ১,৯২২ টি মৌজার ৫৯,৮৬১ টি আপীল মামলা নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**নকশা কালিকরণ:** ড্রাফটসম্যান স্বল্পতার কারণে নকশা চূড়ান্ত যাঁচ, কালিকরণ, স্টাপিং কাজ অসমাপ্ত থাকায় বিপুল সংখ্যক মৌজা মুদ্রণের জন্য পেন্ডিং থাকতো। স্থানীয়ভাবে বেকার তরুণ/তরুণীদের প্রশিক্ষণ দিয়ে পেন্ডিং নকশা চূড়ান্তকরণের কাজ সম্পন্ন করা হচ্ছে। আগষ্ট/২৩ পর্যন্ত প্রায় ১,২১৯টি মৌজার ২,০৪৭টি শীটের চূড়ান্ত কালিকরণ সমাপ্ত করে মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ করা হয়েছে। এ উদ্যোগের ফলে এ স্তরে আর কোন নকশার কাজ পেন্ডিং থাকছে না।

**অনলাইন অটোমেশন সফটওয়্যার:** দিনাজপুর জোনের প্রায় ১৭ লক্ষ খতিয়ানের মধ্যে ১৪ লক্ষ খতিয়ানের ডাটা অনলাইন অটোমেশন সফটওয়্যারে এন্ট্রি করা হয়েছে। যা সারাদেশে এন্ট্রিকৃত মোট খতিয়ানের ৬০%। অনলাইন অটোমেশন সফটওয়্যারটি জরিপ অধিদপ্তরের একটি অনবদ্য উদ্ভাবন। এ সফটওয়্যার ব্যবহারের ফলে চূড়ান্ত যাঁচ, ফেয়ারকপি, প্রিন্টসহ জরিপের সকল কাজ দ্রুত সমাপ্ত করা সম্ভব হচ্ছে। পাশাপাশি রেকর্ডে টেম্পারিং, ওভারলেপিং বন্ধে কার্যকর ভূমিকা রাখছে। ভূমিমালিকগণ হয়রানি ছাড়াই খতিয়ানের তথ্য ঘরে বসে জানতে পারছেন। এর ফলে গত ০৩ বছরে দিনাজপুর জোন হতে দ্রুততম সময়ে চূড়ান্ত যাঁচ সম্পন্ন করে প্রায় ১০৫০ টি মৌজা মুদ্রণের জন্য প্রেরণ করা সম্ভব হয়েছে।

**মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ ও হস্তান্তর:** এ জোনের অধীন ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে বোঁচাগঞ্জ উপজেলার ১৩৫ টি এবং খানসামা উপজেলার মোট ৫৭ টি মৌজার চূড়ান্ত যাঁচ ও ফেয়ারকপি সমাপ্ত করাসহ সর্বমোট ১,১৭৫টি মৌজার ৪,৪৯,৭২২টি খতিয়ান ও ২,০০৯টি সিট মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ করা হয়েছে। ২০১৮ সনে এ জোনের ৬৯টি মৌজা হস্তান্তর হয়। ২০১৮-২৩ পর্যন্ত ইতোমধ্যে ৫৮৯টি মৌজার জরিপ কাজ সম্পন্ন করে জেলা প্রশাসক এর নিকট হস্তান্তর করা হয়েছে। ২০২৩ -২৪ অর্থবছরে আরও ৫০০টি মৌজা হস্তান্তরের কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**পেন্ডিং জরিপ কাজ দ্রুততম সময়ে সমাপ্তির লক্ষে গৃহীত কার্যক্রম:** এ জোনের পেন্ডিং কাজ দ্রুত সমাপ্তির লক্ষ্যে উপজেলা অফিসসমূহে কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে টিম গঠন করে চূড়ান্ত যাঁচ সম্পন্ন করা হচ্ছে। সকল উপজেলা সেটেলমেন্ট অফিসে মানসম্মত নতুন কম্পিউটার ও প্রিন্টার সরবরাহ করা হয়েছে। পজ (পি ও এস) মেশিনের মাধ্যমে চূড়ান্ত প্রকাশনা স্তরে খতিয়ান বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কাজের স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

**শত বছরের মালিকানাহীন (কাগজপত্র) ছিটমহলবাসীদের পরিবারকে মালিকানা প্রদান:** ডিজিটাল পদ্ধতিতে ২০১৫ সালে দিনাজপুর জোনের অধীন পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর, বোদা ও দেবীগঞ্জ উপজেলার ৩৬টি ছিটমহলের ১৭টি মৌজার জরিপ শুরু করে মাত্র ০৩ (তিন) বছরের কম সময়ে ১৬টি মৌজার ২৬,০০০টি খতিয়ান ও ম্যাপ চূড়ান্তভাবে হস্তান্তর করা হয়।

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় সভা ও জনবান্ধব ডিজিটাল জরিপ বিষয়ক কর্মশালা:** "ভূমি সেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল" এ স্লোগানকে সামনে রেখে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আয়োজনে গত ১৩/০৯/২০২৩ তারিখে জেলা প্রশাসক, দিনাজপুর এর সম্মেলন কক্ষে দিনাজপুর জেলা প্রশাসক জনাব শাকিল আহমেদ

এর সভাপতিত্বে স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় সভা ও জনবান্ধব ডিজিটাল জরিপ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি যুক্ত থেকে কর্মশালা শুভ উদ্বোধন করেন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আব্দুল বারিক। উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জনাব মোঃ এজাজ আহম্মেদ জাবের, পরিচালক (ভূমি রেকর্ড), জনাব মোঃ ইসমাইল হোসেন, পরিচালক (প্রশাসন), জনাব আবি আব্দুল্লাহ, উপপরিচালক (অর্থ ও বাজেট)। সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন জনাব মোঃ শামছুল আজম, জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর। দিনাজপুর জেলার সকল ADC/UNO, মুক্তিযোদ্ধা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, স্কুল মাদ্রাসার শিক্ষক, সাংবাদিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, উপজেলা পরিষদ চেয়ারম্যান, পৌর মেয়র, ইউপি চেয়ারম্যান, ভূমিমালিকসহ বিভিন্ন শ্রেণি পেশার সুধীবৃন্দের উপস্থিতিতে এক সফল কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়া ২০২২-২৩ অর্থবছরে এ জোনের অধীন ০৩টি জেলার বিভিন্ন উপজেলায় ডিজিটাল/ম্যানুয়াল জরিপ বিষয়ে জরিপ বিভাগের কর্মকর্তা/কর্মচারীসহ স্থানীয় অংশীজনের সাথে ১০টি সভা এবং জোনাল সেটেলমেন্ট অফিসে ০৩ টি সভা আয়োজন করা হয়।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সদয় দিক নির্দেশনায় দিনাজপুর জোনের পেন্ডিং জরিপ কাজ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি রেকর্ড ও নকশা হস্তান্তরের দৃশ্যমান অগ্রগতি সাধন সম্ভব হয়েছে।



১৩/০৯/২০২৩ খ্রি. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর সম্মেলন কক্ষে স্টেক হোল্ডারদের (Stakeholders) সাথে মতবিনিময় সভায় ও জনবান্ধব ডিজিটাল জরিপ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি যুক্ত থেকে কর্মশালার শুভ উদ্বোধন করেন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আব্দুল বারিক। উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জনাব মোঃ এজাজ আহম্মেদ জাবের, পরিচালক (ভূমি রেকর্ড), জনাব মোঃ ইসমাইল হোসেন, পরিচালক (প্রশাসন), জনাব আবি আব্দুল্লাহ, উপপরিচালক (অর্থ ও বাজেট)। সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন জনাব মোঃ শামছুল আজম, জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর।

## ৫.৩ বরিশাল জোনের জরিপের অগ্রগতি এবং জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story)

১। ২০২৩-২০২৪ অর্থ বছরের জরিপ কাজের স্তরভিত্তিক অগ্রগতি:

| ক্রমিক নং | স্তরের নাম | অগগতি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | মৌজা | কেস | খতিয়ান | |
| ০১ | আপত্তি | ০ | ১৬৪০৪ | ০ | ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত নির্দেশনায় ট্রার্ভাস থেকে তসদিক পর্যন্ত জরিপের কাজ স্থগিত রয়েছে। |
| ০২ | আপীল | ০৩ | ২৯০৭ | ০ | |
| ০৩ | চূড়ান্ত যাঁচ | ৩৯ | ০ | ৭১২২ | |
| ০৪ | সফটওয়্যারে খতিয়ান এন্ট্রি | ৬৬ | ০ | ১০৬১৪৪ | |
| ০৫ | প্রেসে প্রেরণ | ১০ | ০ | ১৫০৩০ | |
| ০৬ | মুদ্রণ শেষে প্রাপ্তি | ২৯ | ০ | ৪৯৬০৯ | |
| ০৭ | চূড়ান্ত প্রকাশনা | ৪২ | ০ | ৪৯০৩৭ | |
| ০৮ | গেজেট প্রস্তাব প্রেরণ | ২০ | ০ | ১৮৯০৭ | |
| ০৯ | গেজেট বিজ্ঞপ্তি | ৪১ | ০ | ১৮৯০৯ | |
| ১০ | ভলিউম বাঁধাই | ৬৭ | ০ | ১০১০১৮ | |
| ১১ | হস্তান্তর | ৬৭ | ০ | ১০১০১৮ | |

০২। ২০২৩-২০২৪ অর্থ বছরে বরিশাল জোনে অনলাইন ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থাপনা পদ্ধতি (Online Land Records and Survey Management System) এর মাধ্যমে ৬৬টি মৌজার ১০৬১৪৪টি খতিয়ান এন্ট্রি করা হয়েছে। অনলাইনে খতিয়ানসমূহ এন্ট্রি করায় যাচাইকৃত ভুলের প্রাথমিক পর্যায়ের প্রথম তালিকা প্রাপ্ত হওয়ায় দ্রুততম সময়ে শুদ্ধ রেকর্ড প্রণয়নের কাজ সহজতর হচ্ছে এবং খতিয়ানের টেম্পারিংয়ের আশংকা বহুলাংশে হ্রাস পেয়েছে।



ছবি নং ১ : ডাটা এন্ট্রি চলমান, জোনাল সেটেলমেন্ট অফিস বরিশাল জোন, বরিশাল

## ৫.৪ রংপুর জোনের বার্ষিক প্রতিবেদন ও জরিপ সংক্রান্ত তথ্য ও সাফল্যের গল্প

| কিস্তোয়ার | আপত্তি কেস | | চূড়ান্ত যাচঁ | | চূড়ান্ত প্রকাশনা | | গেজেট প্রস্তাব | | হস্তান্তর | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | মৌজা | কেস সংখ্যা | মৌজা | খতিয়ান সংখ্যা | মৌজা | খতিয়ান সংখ্যা | মৌজা | খতিয়ান সংখ্যা | মৌজা | খতিয়ান সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০৩ | ০৩ | ৫৮৮৩ | ০১ | ১০৬১ | ৬৮ | ১১১২৮৫ | ৬০ | ১০৫২৮৫ | ৬০ | ১০৫২৮৫ |



জোনাল সেটেলমেন্ট অফিসার কর্তৃক ৫৩৩ বিধিতে দায়েরকৃত মামলার রায়ের পর্যালোচনা



কর্মকর্তা ও কর্মচারীদের সাথে জরিপ সংক্রান্ত মতবিনিময় সভা

## ৫.৫ জামালপুর জোনের জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story)

জামালপুর জেলার ০৭টি ও শেরপুর জেলার ০৫টিসহ মোট ১২টি উপজেলার সমন্বয়ে জোনাল সেটেলমেন্ট অফিস, জামালপুর গঠিত। এ জোনের জরিপ কার্যক্রম ২০১২ খ্রি. শুরু হয়। এ জোনে (জামালপুর জেলার ৮৪০টি মৌজা ও শেরপুর জেলার ৪৫৮টি) মোট মৌজার সংখ্যা ১৩০০টি। জামালপুর সদর উপজেলায় ২৯৯টি মৌজার মধ্যে ০১টি মৌজা দিয়ারা জরিপে সম্পন্ন হয়। অবশিষ্ট ২৯৮টি মৌজার মধ্যে ১০৮টি মৌজা কর্মসূচীভূক্ত। তন্মধ্যে ৫৬টি মৌজার সকল স্তরের কাজ সম্পন্ন করে জেলা প্রশাসক, জামালপুর এর কার্যালয়ে হস্তান্তর করা হয়। ১০টি মৌজার ট্রাভার্স কাজের অপেক্ষায়, ১২টি মৌজার খানাপুরী-কাম-বুঝারত অসমাপ্ত, ০২টি মৌজার আপত্তি চলমান, ০২টি মৌজার আপিল চলমান, ০২টি মৌজার চূড়ান্ত যাঁচ চলমান, ০৭টি মৌজার চূড়ান্ত মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ, ১৩টি মৌজার ফেয়ার কপি সম্পন্ন ও ০৪টি মৌজার চূড়ান্ত প্রকাশনা চলমান। অবশিষ্ট ১৯০টি মৌজার কার্যক্রম শুরু হয় নাই। মাদরগঞ্জ উপজেলার ১১৩টি মৌজার মধ্যে ১৪টি মৌজার দিয়ারা জরিপের কার্যক্রম চলমান। অবশিষ্ট ৯৯টি মৌজার মধ্যে ০৪টি মৌজার ট্রার্ভাস কাজের অপেক্ষায়। ৯৫টি মৌজা কর্মসূচীভুক্ত হয় নাই। শেরপুর জেলায় ডিজিটাল জরিপের কার্যক্রম অদ্যাবধি শুরু হয় নাই। অই জোনে কর্মসূচী বর্হিভূত মৌজার সংখ্যা (১৩০০-১২)=১১৭৩টি।

২০২৩-২৪ অর্থ বছরে জামালপুর সদর উপজেলায় ০৯টি ও মাদারগঞ্জ উপজেলায় ০৪টি মৌজার জিওডেটিক পিলার স্থাপনের কাজ সমাপ্ত হয় এবং পিলারের মান নির্ণয়ের জন্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

২০২৩-২৪ অর্থ বছরে ডিজিটাল জরিপের অগ্রগতি

| ক্রমিক নং | উপজেলা | মৌজার সংখ্যা | পিলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জামালপুর সদর | ০৯টি | ৩০টি | |
| ০২ | জামালপুর সদর | ০৪টি | ১০টি | |

২০২৩-২৪ অর্থ বছরে ডিজিটাল জরিপের তথ্য

| ক্রমিক নং | উপজেলা | কর্মসূচীভুক্ত মৌজার সংখ্যা | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জামালপুর সদর | ০২টি | দেওউরপাড় চন্দ্রা ও চন্দ্রা তরপপুটকা | আপত্তি চলমান |
| ০২ | জামালপুর সদর | ০২টি | রামনগর ও বন্দরতীর্থা | আপত্তি সমাপ্ত |
| ০৩ | জামালপুর সদর | ০২টি | রামনগর ও বন্দরতীর্থা | আপিল চলমান |
| ০৪ | জামালপুর সদর | ০২টি | খুপীবাড়ী ও রশিদপুর | আপিল সমাপ্ত |

২০২৩-২৪ অর্থ বছরে অর্থ সংক্রান্ত বিবরণ:

| ক্রমিক নং | দফাওয়ারী | প্রকৃত আয় (২০২৩-২৪) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বদর ফি বাবদ আয় | ৮২০২/- | |
| ০২ | কোর্ট ফি বাবদ আয় | ৮৫৫৪৫/- | |
| ০ | ফোলিও বাবদ আয় | ১০৮৩৮১/- | |
| | সর্বমোট | ১০৮৩৮১/- | |





## ৫.৬ টাঙ্গাইল জোনের জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story)

টাঙ্গাইল জোনাল সেটেলমেন্ট অফিস মোট ১১টি উপজেলার সমন্বয়ে গঠিত। এ জোনের জরিপ কার্যক্রম ১৯৮৬ খ্রি. সনে শুরু হয়। ১১টি উপজেলায় মোট মৌজার সংখ্যা ২,০২০টি। তন্মধ্যে সখিপুর উপজেলার ১৪টি এবং বাসাইল উপজেলার ১০টি সহ মোট ২৪টি মৌজার জোনাল জরিপের পূর্বে দিয়ারা জরিপের মাধ্যমে সম্পন্ন হয়। অবশিষ্ট ১৯৯৬টি মৌজার মধ্যে ০৪টি মৌজার জরিপ কার্যক্রম সম্পন্ন হয়নি। জনগণের আবেদনের প্রেক্ষিতে ভুঞাপুর উপজেলার একটি মৌজা (চরগাবসারা) ও কালিহাতী উপজেলার একটি মৌজা (হাতিয়া) আপীল ও তসদিক স্তরে স্থগিত রাখা হয়। বাকী ১৯৯০ টি মৌজার মধ্যে জরিপ কার্যক্রম সমাপ্ত করা হয় এবং চূড়ান্ত যাঁচ কাজ সমাপ্তির পর মুদ্রণের জন্য পর্যায়ক্রমে ঢাকা সেটেলমেন্ট প্রেসে প্রেরণ করা হয় এবং প্রেস হতে সবগুলি মৌজা মুদ্রণ কাজ সমাপ্ত হয়।

২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৪টি মৌজার ৯৩,৮৮৯টি খতিয়ান চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত হয়। ৪৬টি মৌজার ৮১৩৮১টি খতিয়ান গেজেট বিজ্ঞপ্তির প্রস্তাব প্রেরণ করা হয়। ৪০টি মৌজার ৬০,২৮৩টি খতিয়ান গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ হয় এবং ৪০টি মৌজা জেলা প্রশাসক ও জেলা জজ কার্যালয়ে হস্তান্তর করা হয়।

২০২৩-২০২৪ অর্থ বছরে আটিয়া সংরক্ষিত বনাঞ্চল সংশ্লিষ্ট সখিপুর উপজেলার ০৪টি মৌজার ৪৩টি জিওডেটিক পিলার স্থাপন করা হয় এবং মির্জাপুর উপজেলার ০৪টি মৌজায় ২৮টি জিওডেটিক পিলার স্থাপন করা হয় এবং সখিপুর উপজেলায় ০৫টি ও মির্জাপুর উপজেলায় ০৫টি সহ মোট ১০টি মৌজার কিস্তোয়ার কাজ সমাপ্ত হয়েছে।

২০২৩-২০২৪ অর্থ বছরে জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story) নিম্নে ছক আকারে প্রদত্ত হলো:

| স্তরের নাম | সংখ্যা | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) | ২০২৩-২৪ অর্থ বছরে প্রকৃত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| চূড়ান্ত প্রকাশনা | মৌজা | | ৩৪টি | |
| | খতিয়ান | | ৯৩,৮৮৯টি | |
| গেজেট বিজ্ঞপ্তি প্রস্তাব প্রেরণ | মৌজা | | ৪৬টি | |
| | খতিয়ান | | ৮১,৩৮১টি | |
| নকশা | সিট | | ১৪৫টি | |
| গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ | মৌজা | | ৪০টি | |
| | খতিয়ান | | ৬০,২৮৩টি | |
| জেলা প্রশাসক ও জেলা জজ কার্যালয়ে হস্তান্তরিত | মৌজা | | ৪০টি | |
| | খতিয়ান | | ৬০,২৮০টি | |

## ২০২৩-২৪ অর্থ বছরে ডিজিটাল জরিপের অগ্রগতি:

| ক্রমিক নং | উপজেলা | মৌজার সংখ্যা | পিলার স্থাপন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সখিপুর | ০৪টি | ৪৩টি | |
| ০২ | মির্জাপুর | ০৪টি | ২৮টি | |
| | মোট | ০৮টি | ৭১টি | |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে ডিজিটাল জরিপের তথ্য:

এ জোনে ০৫টি উপজেলায় আটিয়া সংরক্ষিত বনাঞ্চল সংশ্লিষ্ট ৭৯টি মৌজার ডিজিটাল জরিপের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। তম্মধ্যে চলমান উপজেলা ও মৌজার তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | উপজেলা | কর্মসূচীভূক্ত মৌজার সংখ্যা | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সখিপুর | ০৫টি | প্রতিমাবঙ্কি, লাঙ্গলিয়া, নলুয়া, বাজাইল ও বেরবাড়ী মৌজার কিস্তোয়ার কাজ সমাপ্ত | |
| ০২ | মির্জাপুর | ০৫টি | পেকুয়া, গাজেশ্বরী, নয়াপাড়া, হরিতকীতলা ও বাসতৈল মৌজার কিস্তোয়ার কাজ সমাপ্ত | |

## ২০২৩-২৪ অর্থ বছরে অর্থ সংক্রান্ত বিবরণ:

| দফাওয়ারী | প্রকৃত আয় (২০২৩-২৪ অর্থ বছর) | মন্তব্য |
|---|---|---|
| মুদ্রিত নকশা বিক্রি | ২১,৪৬,৫০০/- | |
| মুদ্রিত খতিয়ান বিক্রি | ৫৫,৬৬,৩০০/- | |
| খতিয়ানের হস্তালিপি বিক্রি | ২৪,০০০/- | |
| কোর্ট ফি বাবদ আয় | ৩৬,৭২০/- | |
| ফোলিও বাবদ আয় | ১,৮৬৬/- | |
| | ৭৭,৭৫,৩৮৬/- | |





## ৫.৭ সিলেট জোনের সাফল্যের গল্প

সিলেট জোনাল সেটেলমেন্ট ০৪টি জেলার মোট ৫,৪৫৭টি মৌজা নিয়ে গঠিত। তন্মধ্যে ম্যানুয়াল জরিপে ৫,২৮৩টি মৌজা কর্মসূচীভূক্ত ছিল। ম্যানুয়াল জরিপে কর্মসূচীভূক্ত ৫,২৮৩টি মৌজার মধ্যে ৩১/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত ৫,১৭২টি মৌজা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে, যা ৯৮% (প্রায়)। জরিপে কর্মসূচী অনুমোদিত ৩৩টি মৌজার মধ্যে ০১টি মৌজার গেজেট প্রকাশিত হয়েছে, ২০২২-২৩ অর্থবছরে ২০টি মৌজায় ১১৪টি ও ২০২৩-২৪ অর্থ বছরে মৌজায় ৫০টি পিলার স্থাপন করা হয়েছে। এখনো ডিজিটাল জরিপ শুরু করা হয়নি।

**সিলেট জোনের ২০২৩-২০২৪ অর্থবছরের সার্বিক কাজের অগ্রগতি**

| পিলার স্থাপন | | আপত্তি | | আপীল | | মুদ্রণ সমাপ্ত | | প্রকাশনা সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | পিলার সংখ্যা | মৌজা | কেস | মৌজা | কেস | মৌজা | খতিয়ান | মৌজা | খতিয়ান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১২ | ৫০ | ০২ | ২,৬৩০ | ০ | ৭৮ | ১৩ | ৩১,৩৩১ | ৩৩ | ৫৩,৫১৩ |

| গেজেট প্রস্তাব প্রেরিত | | মন্ত্রণালয় হতে বিজ্ঞপ্তি জারীকৃত | | গেজেট প্রকাশিত | | হস্তান্তরিত | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | খতিয়ান | মৌজা | খতিয়ান | মৌজা | খতিয়ান | মৌজা | খতিয়ান | ভলিউম | |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৩ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ৯১ | ৮৩,৭৬৯ | ৯১ | ৮৩,৭৬৯ | ৮৬ | ৬৭,৫৬০ | ২০৯ | ১,৭৫,৫৭৬ | ৩৬,৩১৯ | |

## ৫.৮ চট্টগ্রামের জরিপের অগ্রগতি এবং জরিপ সংক্রান্ত সাফল্যের গল্প (Success Story)

জোনাল সেটেলমেন্ট অফিস, চট্টগ্রাম এর ২০২৩-২৪ অর্থ বছরে জরিপের অগ্রগতি এবং জরিপ সংক্রান্ত সাফল্যের বিবরণী:

| ক্রমিক নং | স্তরের নাম | কর্মসূচিভূক্ত মৌজার সংখ্যা | অগ্রগতি | পেন্ডিং | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ট্রাভার্স | ০৮ | - | - | ভূমি মন্ত্রণালয়ের ০১/১১/২০২৩ খ্রি. তারিখের ২৪১ নং আদেশ মোতাবেক কার্যক্রম স্থগিত |
| ২. | কিস্তোয়ার | ০৩ | ০২ | ০১ | ঐ |
| ৩. | খানাপুরি-কাম-বুঝারত | ১৬ | - | ১৬ | ঐ |
| ৪. | তসদিক | ০৩ | ০২ | ০১ | ঐ |
| ৫. | তসদিকোত্তর যাঁচ | ০৩ | ০২ | ০১ | ঐ |
| ৬. | খসড়া প্রকাশনা (ডিপি) | ০১ | ০২ | - | - |
| ৭. | আপত্তি | ০৪ | ০১ | ০৩ | ০১টি মৌজার শুনানী চলমান |
| ৮. | আপিল | ০২ | ০১ | ০১ | ০১টি মৌজার শুনানী চলমান |
| ৯. | মিস মামলা বিধিমালার ৪২ (ক) ও (খ) | - | - | - | - |
| ১০. | চূড়ান্ত যাঁচ | - | - | - | - |
| ১১. | ফেয়ার কপি | - | - | - | - |
| ১২. | সফটওয়্যারে খতিয়ান এন্ট্রি | ০২ | ০১ | ০১ | ০১টি মৌজার এন্ট্রি আংশিক অসমাপ্ত |
| ১৩. | নশসা কালিকরণ | - | - | - | - |
| ১৪. | নকশা/খতিয়ান মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ | - | - | - | - |
| ১৫. | চূড়ান্ত প্রকাশনা | - | - | - | - |

২০২৩-২০২৪ অর্থ বছরে ০২টি মৌজার বুঝারত ও ০১টি মৌজার ৩০৭৩ টি খতিয়ানের খসড়া প্রকাশনা(ডিপি) সমাপ্ত হয়েছে। ০২টি মৌজার ৪০১২ টি আপত্তি কেস এবং ০১ টি মৌজার ৫৫৩টি আপীল কেস নিষ্পত্তি হয়েছে। ০৩টি মৌজার ৪১৬৯টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ ও ০৪টি মৌজার ৫০২২ টি খতিয়ান সফটওয়ারে এন্ট্রিসহ মুদ্রণে প্রেরণ এবং মুদ্রণ সমাপ্ত হয়েছে। ০৫টি মৌজার ৩৭৭২টি খতিয়ানের চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত করে গেজেট প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ০১টি মৌজার ১৩৮৯টি খতিয়ানের গেজেট প্রকাশ ও হস্তান্তর করা হয়েছে।

উল্লেখ্য, ভূমি মন্ত্রণালয় হতে ০১ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের ৩১. ০০. ০০০০. ০৪৯. ৩১. ০০৭. ১২. ২৪১ নং স্মারকে জারিকৃত নির্দেশনায় সকল জোনে ট্রাভার্স হতে তসদিক স্তর পর্যন্ত জরিপের সকল কার্যক্রম স্থগিত করায় আদেশ জারির পরে ট্রাভার্স হতে তসদিক স্তর পর্যন্ত কোন অগ্রগতি হয়নি।

**২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব আদায়:**

১। কোর্ট ফি বাবদ - ৫,৬১,৬৯৫/- টাকা

২। বদর ফি বাবদ- ১,৬৪২/- টাকা

৩। পর্চা বিক্রি- ৪,৩৫,৩০০/- টাকা

৪। নকসা বিক্রি- ১,৩৭,০০০/- টাকা

## ৫.৯ ফরিদপুর জোনের জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ খ্রি. মাস পর্যন্ত ডিজিটাল জরিপের স্তরভিত্তিক অগ্রগতির বিবরণী:

| ক্রম | মাস | স্তরের নাম | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ট্রাভার্স | কিস্তোয়ার | খানাপুরি-বুঝারত | তসদিক | তসদিক যাঁচ | ডিপি | আপত্তি | | আপিল | | চূড়ান্ত যাঁচ | |
| | | মৌজা | মৌজা | মৌজা | মৌজা | মৌজা | মৌজা<br>খতিয়ান | মৌজা | কেস | মৌজা | কেস | মৌজা | খতিয়ান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯(ক) | ৯(খ) | ১০(ক) | ১০(খ) | ১১(ক) | ১১(খ) |
| ১ | জুলাই/২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫৩৩ | ০১ | ৩৪ | ০১ | ৭৮৩ |
| ২ | আগস্ট/২৩ | ০ | ০ | ০২ | ১ ০ | ০ | ১<br>৩০৭৩ | ০ | ২৬১ | ০ | ০ | ০ | ৩০০ |
| ৩ | সেপ্টে./২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৫৫ | | | ০১ | ২১৮ |
| ৪ | অক্টো./২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ১১৫ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | নভে./২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৭২ | ০ | ০ | ০ | ০ |
| ৬ | ডিসে./২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৩ | ০ | ০ | ০১ | ২৮৬৮ |
| ৭ | জানু./২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩৬৯ | ০ | ০ | ০ | ০ |
| ৮ | ফেব্রু./২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪৯২ | ০ | ০ | ০ | ০ |
| ৯ | মার্চ/২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ৪৫২ | ০ | ৯৫ | ০ | ০ |
| ১০ | এপ্রিল/২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩৩৯ | ০ | ১১৩ | ০ | ০ |
| ১১ | মে/২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪০৪ | ০ | ১২৫ | ০ | ০ |
| ১২ | জুন/২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪০৭ | ০ | ১৮৬ | ০ | ০ |
| মোট | | ০ | ০ | ০২ | ০ | ০ | ১<br>৩০৭৩ | ০২ | ৪০১২ | ০১ | ৫৫৩ | ০৩ | ৪১৬৯ |

| ফেয়ার কপি প্রস্তুত | | মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ | মুদ্রণ শেষে প্রাপ্তি | চূড়ান্ত প্রকাশনা | গেজেট প্রস্তাব প্রেরণ | গেজেট প্রকাশ | হস্তান্তর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | খতিয়ান | মৌজা/খতিয়ান | মৌজা/খতিয়ান | মৌজা/খতিয়ান | মৌজা/খতিয়ান | মৌজা/খতিয়ান | মৌজা/খতিয়ান | |
| ১২(ক) | ১২(খ) | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ০২ | ১৬৩৬ | ০১/৮৫৩ | ০ | ০২/১৫৭৯ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০১/১৯০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০১ | ৫১৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ২৮০০ | ০ | ০ | ০ | ০১/১৩৮৯ | ০ | ০ | |
| ০১ | ৬৮ | ০১/৭৮৩ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০২/১৬৩৬ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০২/৩৩৮৬ | ০ | ১/৫৫৭ | ১/৫৫৭ | ০১/১৩৮৯ | ০ | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০ | ০ | ০ | ০২/৩৩৮৬ | ০২/১৬৩৬ | ০২/১৬২৬ | ০ | ০১/১৩৮৯ | |
| ০৪ | ৫০২২ | ০৪/৫০২২ | ০৪/৫০২২ | ০৫/৩৭৭২ | ০৫/৩৭৬২ | ০১/১৩৮৯ | ০১/১৩৮৯ | |



মাসিক জরিপ সম্মেলন



অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার চিত্র

৬

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
## বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২০২৪

### উপদেষ্টা পরিষদ



**জনাব আনিস মাহমুদ**
মহাপরিচালক (গ্রেড-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



**জনাব মোহাম্মদ আবদুল কাদের শেখ**
পরিচালক (জরিপ) ও
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



**জনাব মোঃ মোমিনুর রশীদ**
পরিচালক (ভূমি রেকর্ড)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



**জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার**
উপপরিচালক (অর্থ ও বাজেট)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৭

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
# বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪

## সম্পাদনা কমিটি



জনাব মোহাম্মদ আবদুল কাদের শেখ
পরিচালক (জরিপ) ও পরিচালক (প্রশাসন), (অতিরিক্ত দায়িত্ব)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব মোঃ মোমিনুর রশীদ
পরিচালক (ভূমি রেকর্ড)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার
উপপরিচালক (অর্থ ও বাজেট)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর




জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান
উপপরিচালক (প্রশাসন)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর




জনাব রূপালী মন্ডল
উপপরিচালক (সেঃঅপাঃ-২)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব ইয়াছমিন আক্তার
প্রেস অফিসার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব মাফরোজা আক্তার
চার্জ অফিসার (সীমানা-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব সুশান্ত কুমার রায়
সহকারী সেটেলমেন্ট অফিসার, সংযুক্তিতে পরিকল্পনা উন্নয়ন শাখা
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জনাব মোঃ মোক্তার হোসেন সরকার
সহকারী সেটেলমেন্ট অফিসার, ঢাকা, সংযুক্তিতে ইডিএলএমএস প্রকল্প
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা



জনাব মোঃ নূরুল আমিন শিকদার
উপসহকারী সেটেলমেন্ট অফিসার, ঢাকা, সংযুক্তিতে ইডিএলএমএস প্রকল্প,
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা



জনাব মোঃ পারভেজ মিয়া
সহকারী জরিপ অফিসার,
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা

৮

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কার্যক্রমের ফটো এ্যালবাম



বিভাগীয় কমিশনার সিলেট এর সম্মেলন কক্ষে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর আয়োজনে জনবান্ধব ডিজিটাল জরিপ বিষয়ক কর্মশালা ও স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা।



২০২৩-২৪ মাঠ মৌসুমে বাংলাদেশ ত্রিপুরা (ভারত) সেক্টরে আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ ও মেরামত কাজে উভয় দেশের মহাপরিচালক/পরিচালক পর্যায়ে যৌথ পরিদর্শন।




ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রাক্তন মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আব্দুল বারিক মহোদয়ের অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষে সংবর্ধনা অনুষ্ঠান।




ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রাক্তন মহাপরিচালক (গ্রেড-১) জনাব তুলসী রঞ্জন সাহা মহোদয়ের অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষে সংবর্ধনা অনুষ্ঠান।






২০২৩-২৪ মাঠ মৌসুমে বাংলাদেশ ত্রিপুরা (ভারত) সেক্টরে আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ ও মেরামত কাজে উভয় দেশের মহাপরিচালক/পরিচালক পর্যায়ে যৌথ পরিদর্শন।



জামালপুর (সদর)-শেরপুর (সদর) আন্তঃজেলা সীমানা বিরোধ নিস্পত্তি কাজের তুলনামূলক নক্সা ও পিলারের স্থানাংক উভয় জেলা প্রশাসনের প্রতিনিধিগণের নিকট হস্তান্তর।



বাংলাদেশ-পশ্চিমবঙ্গ(ভারত) সেক্টরে আন্তর্জাতিক সীমানা পিলার উভয় দেশের উপ-পরিচালক(জরিপ) পর্যায়ে যৌথ পরিদর্শন।



২০২৩-২৪ মাঠ মৌসুমে বাংলাদেশ ত্রিপুরা (ভারত) সেক্টরে আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মান ও মেরামত কাজে উভয় দেশের মহাপরিচালক/পরিচালক পর্যায়ে যৌথ পরিদর্শন।



বাংলাদেশ-মেঘালয়(ভারত) সেক্টরে আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ ও মেরামত কাজ উভয় দেশের মহাপরিচালক/পরিচালক পর্যায়ে যৌথ পরিদর্শন।



অনলাইনে খতিয়ান উন্মুক্তকরণ সংক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ কোর্স।



১৩৪ তম সার্ভে এ্যান্ড সেটেলমেন্ট প্রশিক্ষণের সনদপত্র বিতরণ অনুষ্ঠান।



ইলেকট্রনিক টোটাল স্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক রিফ্রেশার্স এবং আর্ক জিআইএস বিষয়ক কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান।





ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ড্রোন পাইলট শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান।




ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১০.১২.২০২৩ তারিখে ইলেক্ট্রনিক টোটাল স্টেশন মেশিনের সাহায্যে ডিজিটাল ভূমি জরিপ বিষয়ক সম্পর্কে আলোচনা সভা।




জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা কর্তৃক আয়োজিত নৈতিকতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান



মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় ও অন্যান্য কর্মকর্তাগণের সাথে ১৩৫ তম সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের প্রাক্কালে প্রশিক্ষণ ক্যাম্পের মাঠে।



২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি জোনাল সেটেলমেন্ট অফিসারদের সাথে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় স্বাক্ষর অনুষ্ঠান।